# ঈদের পর পুরান ঢাকায় চিরুনি অভিযান

■ মেয়র তাপস

**কালবেলা প্রতিবেদক ▸▸**

ঈদুল ফিতরের পর পুরান ঢাকার অবৈধ রাসায়নিক গুদামের বিরুদ্ধে চিরুনি অভিযান পরিচালনা করা হবে বলে জানিয়েছেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস। গতকাল মঙ্গলবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) উদ্যোগে মতিঝিলে ডিসিসিআই অডিটোরিয়ামে আয়োজিত 'পুরান ঢাকার ব্যবসা-বাণিজ্যে যানজটের প্রভাব ও উত্তরণের উপায় চিহ্নিতকরণ' শীর্ষক অংশীজন মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

ফজলে নূর তাপস বলেন, 'পুরান ঢাকা আমরা আর ঝুঁকিপূর্ণ রাখতে পারি না। কিছুদিন আগে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে এবং এটা প্রতিনিয়ত ঘটছে। ইতোমধ্যে রাসায়নিক দ্রব্যাদি স্থানান্তরের জন্য যে গুদামঘর, কারখানা প্রয়োজন তা শিল্প মন্ত্রণালয় থেকে শ্যামপুরে শিল্পাঞ্চলে করে দেওয়া হয়েছে; কিন্তু এ পর্যন্ত সেখানে মাত্র একজন গিয়েছেন। আমরা তাকে বাণিজ্য অনুমতি দিয়েছি। আরেকজন আবেদন করেছেন। সেটাও আমরা করে দিচ্ছি। এই সভার মাধ্যমে পুরান ঢাকায় যারা রাসায়নিক ব্যবসা করছেন তাদের প্রতি আমার নিবেদন এবং কঠোর হুঁশিয়ারি থাকবে। আপনারা আইন অনুযায়ী শিল্প মন্ত্রণালয়ে আবেদন করে সেখানে স্থানান্তরিত হোন। না হলে ঈদের পর আমরা চিরুনি অভিযান পরিচালনা করব।'

রাসায়নিক দ্রব্যাদির ব্যবসায়িক কার্যক্রম পরিচালিত হয় এমন ভবনগুলো প্রয়োজনে সিলগালা করে দেয়ার হুঁশিয়ারি জানিয়ে তিনি বলেন, 'আমাদের তালিকাভুক্ত ১ হাজার ৯২৪টি রাসায়নিক দ্রবাদির গুদাম ও ব্যবসায়িক প্রতিষ্ঠান সেখানে রয়েছে। ২০১৭ সালের পর থেকে সেসব প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স প্রদান ও নবায়ন বন্ধ রেখেছি। তারপরও আপনারা বিভিন্ন জায়গা থেকে ট্রেড লাইসেন্স নিয়ে সেখানে ব্যবসা করছেন। আমরা ঈদের পরে চিরুনি অভিযান পরিচালনা করে সবগুলো বন্ধ করে দেব।

ডিসিসিআই সভাপতি আশরাফ আহমেদের সঞ্চালনায় সভায় অন্যান্যের মধ্যে ডিটিসিআইর নির্বাহী পরিচালক নীলিমা আক্তার, ঢাকা মহানগর পুলিশের অতিরিক্ত পুলিশ কমিশনার (ট্রাফিক) মুনিবুর রহমান প্রমুখ বক্তব্য দেন।

কালবেলা

সত্যের সন্ধানে নির্ভীক

THE DAILY JUGANTOR

যুগান্তর

বুধবার, ০৩ এপ্রিল ২০২৪

ডিসিসিআই'র মতবিনিময়

# যানজটে অর্থনৈতিক গুরুত্ব হারাচ্ছে পুরান ঢাকা

যুগান্তর প্রতিবেদন

যানজটের কারণে পুরান ঢাকার অর্থনৈতিক ও বাণিজ্যিক গুরুত্ব প্রতিনিয়ত হ্রাস পাচ্ছে। এ অবস্থা থেকে উত্তরণে ট্রাফিক ব্যবস্থাপনার কার্যকর ব্যবহার, গাড়ি পার্কিং সুবিধা নিশ্চিত, ফুটপাত অবৈধ দখলদারমুক্ত করা, একমুখী রাস্তা ও আধুনিক গণপরিবহণব্যবস্থা চালু এবং নির্দিষ্ট সময়ের মধ্যে পণ্য পরিবহণ নিশ্চিত করার বিকল্প নেই। আর এসব পরিকল্পনা বাস্তবায়নে রাজনৈতিক সদিচ্ছা একান্ত অপরিহার্য। মঙ্গলবার রাজধানীর মতিঝিলে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'পুরান ঢাকার ব্যবসা-বাণিজ্যে যানজটের প্রভাব ও উত্তরণের উপায় চিহ্নিতকরণ' শীর্ষক মতবিনিময় সভায় বক্তারা এসব কথা বলেন। ডিসিসিআই সভাপতি আশরাফ আহমেদের সভাপতিত্বে মতবিনিময় সভায় প্রধান অতিথি ছিলেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্যে ডিসিসিআই সভাপতি আশরাফ আহমেদ বলেন, জিডিপিতে পুরান ঢাকার অবদান প্রায় ২০ শতাংশ হলেও অপর্যাপ্ত অবকাঠামো, যানজট ও অপ্রতুল পরিষেবার কারণে এ এলাকার ব্যবসায়িক কার্যক্রম পরিচালনায় নানাবিধ চ্যালেঞ্জ মোকাবিলা করতে হচ্ছে। সড়কের খোঁড়াখুঁড়ি, অবৈধ ফুটপাত দখল, অপরিকল্পিত গাড়ি পার্কিং, অপ্রতুল সড়ক অবকাঠামো ও অকার্যকর ট্রাফিক ব্যবস্থাপনার কারণে পুরান ঢাকায় সৃষ্ট অসহনীয় যানজট পরিস্থিতি ব্যবসা পরিচালন ব্যয় বৃদ্ধি করছে। এ অবস্থা থেকে উত্তরণে স্মার্ট ট্রাফিক সিস্টেম চালু, নদীপথের ব্যবহার বাড়ানো এবং পুরান ঢাকার সরু ও ব্যস্ত সড়কে একমুখী ট্রাফিক ব্যবস্থা চালুকরণের প্রস্তাব দেন তিনি। তিনি আরও বলেন, ঢাকার যানজটের কারণে দেশের সামগ্রিক জিডিপি প্রায় ২.৯ শতাংশ হ্রাস পায় এবং প্রতিদিন ট্রাফিক জ্যামের কারণে নষ্ট হয়ে যাওয়া কর্মঘণ্টার আর্থিক মূল্য প্রায় ১৪০ কোটি টাকা।

**জ্যামে নষ্ট ১৪০ কোটি টাকার কর্মঘণ্টা**

**ঈদের পর রাসায়নিক দ্রব্যের ভবন সিলগালা**

মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস বলেন, ঢাকায় অপরিকল্পিত নগরায়ণের জন্য আমরা নিজেরাই দায়ী, আমরাই এটা সৃষ্টি করেছি। রাজধানীতে যানজট নিরসন ও ট্রাফিক আইন অমান্যকারীদের শনাক্তে ৬৪টি ইন্টারসেকশনে কৃত্রিম বুদ্ধিমত্তা (আইওটি) প্রযুক্তি স্থাপনের উদ্যোগ নেওয়া হয়েছে। সেই সঙ্গে সায়েদাবাদ বাসটার্মিনালকে আধুনিক সুবিধায় রূপান্তর করা হয়েছে। এর উদ্বোধনের পর আর কেউ টার্মিনালের বাইরে বাস কাউন্টার স্থাপন করতে পারবে না। হকার প্রসঙ্গে মেয়র বলেন, ঢাকার ফুটপাত ও রাস্তা থেকে হকারদের উচ্ছেদ সহজ নয়। দক্ষিণ সিটি করপোরেশন আটটি স্থানকে হলুদ ও সবুজ জোন হিসাবে চিহ্নিত করেছে। যেখানে হকাররা তাদের ব্যবসা-বাণিজ্য চালাতে পারবেন। তবে সিটি করপোরেশনের চিহ্নিত লাল জোনে কেউ দোকান বসাতে পারবেন না।

তাপস বলেন, পুরান ঢাকায় তালিকাভুক্ত ১৯২৪টি রাসায়নিক দ্রব্যের গুদাম ও ব্যবসায়িক প্রতিষ্ঠান রয়েছে। ২০১৭ সালের পর থেকে সেসব প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স দেওয়া ও নবায়ন বন্ধ রেখেছি। তারপরও বিভিন্ন জায়গা থেকে ট্রেড লাইসেন্স নিয়ে ব্যবসা চলছে। ঈদের পরে চিরুনি অভিযান পরিচালনা করে সব বন্ধ করে দেব। তিনি আরও বলেন, যেসব ভবনের নিচে গুদাম রয়েছে, সেগুলো অত্যন্ত বিপজ্জনক। এসব ভবন সিলগালা করে বিদ্যুৎ-পানি বন্ধ করে দেব।

সভায় বিশেষ অতিথি ছিলেন ডিএমপির অতিরিক্ত পুলিশ কমিশনার (ট্রাফিক) মুনিবুর রহমান, ঢাকা পরিবহণ সমন্বয় কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক নীলিমা আখতার প্রমুখ। নির্ধারিত আলোচনায় অংশ নেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের সিইও মিজানুর রহমান, যোগাযোগ বিশেষজ্ঞ ড. এসএম সালেহ উদ্দিন, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেডের পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) আব্দুল বাকী মিয়া প্রমুখ।

নয়া দিগন্ত
বুধবার, ০৩ এপ্রিল ২০২৪




ঢাকা চেম্বারের মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন শেখ ফজলে নূর তাপস ■ নয়া দিগন্ত

# ঈদের পর পুরান ঢাকার রাসায়নিক গুদামের বিরুদ্ধে চিরুনি অভিযান : মেয়র তাপস

● **নিজস্ব প্রতিবেদক**

আসন্ন ঈদুল ফিতরের পর পুরান ঢাকার অবৈধ রাসায়নিক গুদামের বিরুদ্ধে চিরুনি অভিযান পরিচালনা করা হবে বলে জানিয়েছেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস।

তিনি বলেন, 'পুরান ঢাকা আমরা আর ঝুঁকিপূর্ণ রাখতে পারি না। কিছু দিন আগেও অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে এবং এটি প্রতিনিয়ত ঘটছে। ইতোমধ্যে রাসায়নিক দ্রব্যাদি স্থানান্তরের জন্য যে গুদামঘর, কারখানা প্রয়োজন তা শিল্প মন্ত্রণালয় থেকে শ্যামপুরে শিল্পাঞ্চলে করে দেয়া হয়েছে। কিন্তু এ পর্যন্ত সেখানে মাত্র একজন গেছেন। আমরা তাকে বাণিজ্য অনুমতি (ট্রেড লাইসেন্স) দিয়েছি। আরেকজন আবেদন করেছেন। সেটাও আমরা করে দিচ্ছি। এই সভার মাধ্যমে পুরান ঢাকায় যারা রাসায়নিক ব্যবসা করছেন তাদের প্রতি আমার নিবেদন এবং কঠোর হুঁশিয়ারি থাকবে। আপনারা আইন অনুযায়ী শিল্প মন্ত্রণালয়ে আবেদন করে সেখানে স্থানান্তরিত হোন। না হলে ঈদের পর আমরা চিরুনি অভিযান পরিচালনা করব।'

মঙ্গলবার দুপুরে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) উদ্যোগে মতিঝিলে ডিসিসিআই অডিটোরিয়ামে আয়োজিত 'পুরান ঢাকার ব্যবসা-বাণিজ্যে যানজটের প্রভাব ও উত্তরণের উপায় চিহ্নিতকরণ' শীর্ষক স্টেকহোল্ডার মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে মেয়র শেখ ফজলে নূর তাপস এসব কথা বলেন।

রাসায়নিক দ্রব্যাদির ব্যবসায়িক কার্যক্রম পরিচালিত হয় এমন ভবনগুলো প্রয়োজনে সিলগালা করে দেয়ার হুঁশিয়ারি জানিয়ে তিনি বলেন, 'আমাদের তালিকাভুক্ত এক হাজার ৯২৪টি রাসায়নিক দ্রব্যাদির গুদাম ও ব্যবসায়িক প্রতিষ্ঠান সেখানে রয়েছে। ২০১৭ সালের পর থেকে সেসব প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স প্রদান ও নবায়ন বন্ধ রেখেছি। তার পরও আপনারা বিভিন্ন জায়গা থেকে ট্রেড লাইসেন্স নিয়ে সেখানে ব্যবসা করছেন। আমরা ঈদের পরে চিরুনি অভিযান পরিচালনা করে সবগুলো বন্ধ করে দেবো। আরেকটি বিষয় হলো, সেসব ভবনে ওপরে কিন্তু অনেকেই আবাসন হিসেবে ব্যবহার করেন আবার নিচে গুদামঘর। এটি খুবই বিপজ্জনক। তাই প্রয়োজনে সেসব ভবন সিলগালা করে বিদ্যুৎ-পানি বন্ধ করে দেবো। এতে পুরো ভবন বন্ধ হয়ে যাবে। তখন যে ভোগান্তি হবে সে জন্য আপনারা আমাদেরকে দোষারোপ করতে পারবেন না।' ডিসিসিআই সভাপতি আশরাফ আহমেদের সঞ্চালনায় অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে ডিটিসিআইর নির্বাহী পরিচালক নীলিমা আক্তার, ঢাকা মেট্রোপলিটন পুলিশের অতিরিক্ত পুলিশ কমিশনার (ট্রাফিক) মো: মুনিবুর রহমান, পরিবহন বিশেষজ্ঞ ড. এস এম সালেহ উদ্দিন, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেডের পরিচালক মো: আবদুল বাকী মিয়াসহ পুরান ঢাকাকেন্দ্রিক ব্যবসায়িক সংগঠনের নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে বক্তারা জানান, বাংলাদেশের জিডিপিতে ঢাকার অবদান ৪৬ শতাংশ আর ঢাকাকেন্দ্রিক যে কর্মসংস্থান সৃষ্টি হয়েছে তার মধ্যে পুরান ঢাকার প্রত্যক্ষ ও পরোক্ষ অবদান প্রায় ৪০ শতাংশ। সুতরাং পুরনো ঢাকার যানজট কমাতে সংশ্লিষ্ট সবাইকে দায়িত্বশীল আচরণ করতে হবে এবং বিদ্যমান সমস্যাগুলোর আশু সমাধান অত্যন্ত জরুরি। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে করপোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো: মিজানুর রহমান, ভারপ্রাপ্ত প্রধান প্রকৌশলী আশিকুর রহমান, প্রধান রাজস্ব কর্মকর্তা আরিফুল হক, এফবিসিসিআই, ডিসিসিআইসহ বিভিন্ন ব্যবসায়িক সংগঠনের ঊর্ধ্বতন নেতারা উপস্থিত ছিলেন।

মুক্ত প্রাণের প্রতিধ্বনি
ভোরের কাগজ
বুধবার, ০৩ এপ্রিল ২০২৪

## ডিএসসিসি মেয়র শেখ ফজলে নূর তাপস

# পুরান ঢাকা আর ঝুঁকিপূর্ণ রাখব না

■ ঈদের পরেই রাসায়নিক গুদামের বিরুদ্ধে চিরুনি অভিযান

**কাগজ প্রতিবেদক :** পুরান ঢাকায় এখনো যেসব রাসায়নিক গুদাম আছে, ঈদুল ফিতরের পরেই সেগুলোর বিরুদ্ধে চিরুনি অভিযান শুরু হবে বলে জানিয়েছেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস।

ডিএসসিসি মেয়র বলেন, পুরান ঢাকা আমরা আর ঝুঁকিপূর্ণ রাখতে পারি না। কিছুদিন আগে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে, এটা প্রতিনিয়তই ঘটছে। ইতোমধ্যে রাসায়নিক দ্রব্য স্থানান্তরের জন্য যে গুদামঘর, কারখানা দরকার তা শিল্প মন্ত্রণালয় থেকে শ্যামপুরে শিল্পাঞ্চলে করে দেয়া হয়েছে। কিন্তু এ পর্যন্ত সেখানে মাত্র একজন গিয়েছেন। আমরা তাকে ট্রেড লাইসেন্স দিয়েছি। আরেকজন আবেদন করেছেন। সেটাও আমরা করে দিচ্ছি।

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) উদ্যোগে গতকাল মঙ্গলবার দুপুরে মতিঝিলের ডিসিসিআই অডিটোরিয়ামে আয়োজিত 'পুরান ঢাকার ব্যবসা-বাণিজ্যে যানজটের প্রভাব ও উত্তরণের উপায় চিহ্নিতকরণ' শীর্ষক এক স্টেকহোল্ডার মতবিনিময় সভায় এসব কথা বলেন তিনি।

ডিসিসিআইয়ের সভাপতি আশরাফ আহমেদের সঞ্চালনায় অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন ডিটিসিএ'র নির্বাহী পরিচালক নীলিমা আক্তার, ঢাকা মেট্রোপলিটন পুলিশের অতিরিক্ত পুলিশ কমিশনার (ট্রাফিক) মো. মুনিবুর রহমান, পরিবহন বিশেষজ্ঞ ড. এস এম সালেহ উদ্দিন, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেডের পরিচালক মো. আব্দুল বাকী মিয়া, ডিএসসিসির প্রধান নির্বাহী কর্মকর্তা মো. মিজানুর রহমান, ভারপ্রাপ্ত প্রধান প্রকৌশলী আশিকুর রহমান, প্রধান রাজস্ব কর্মকর্তা আরিফুল হকসহ এফবিসিসিআই, ডিসিসিআইসহ বিভিন্ন ব্যবসায়িক সংগঠনের নেতারা।

মেয়র শেখ ফজলে নূর তাপস বলেন, পুরান ঢাকায় যারা এখনো রাসায়নিক ব্যবসা করছেন তাদের প্রতি আমার নিবেদন আইন অনুযায়ী শিল্প মন্ত্রণালয়ে আবেদন করে সেখানে স্থানান্তরিত হোন। না হলে ঈদের পরে আমরা চিরুনি অভিযান করব।

রাসায়নিক মালামালের ব্যবসায়িক কার্যক্রম পরিচালিত হয় এমন ভবনগুলো দরকার হলে সিলগালা করার হুঁশিয়ারি দিয়ে মেয়র তাপস বলেন, আমাদের তালিকাভুক্ত ১ হাজার ৯২৪টি রাসায়নিক গুদাম ও ব্যবসায়িক প্রতিষ্ঠান সেখানে আছে। আমরা ২০১৭ সালের পর থেকে সেসব প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স দেয়ার পাশাপাশি নবায়ন বন্ধ রেখেছি। তারপরেও বিভিন্ন জায়গা থেকে ট্রেড লাইসেন্স নিয়ে সেখানে ব্যবসায়ীরা ব্যবসা করছেন। আমরা ঈদের পরে চিরুনি অভিযান চালাব, সবগুলো বন্ধ করে দেব। আরেকটি বিষয় হলো, সেসব ভবনের উপরের অংশ আবাসন হিসেবে ব্যবহার করেন, আবার নিচে গুদামঘর, এটি অত্যন্ত বিপজ্জনক। তাই দরকার হলে সেসব ভবন সিলগালা করে বিদ্যুৎ ও পানি বন্ধ করে দেব। এতে পুরো ভবন বন্ধ হয়ে যাবে। তখন যে ভোগান্তি হবে সেজন্য আমাদের কেউ দোষারোপ করতে পারবেন না।

# দৈনিক বাংলা

বুধবার, ০৩ এপ্রিল ২০২৪


# ঈদের পর পুরান ঢাকার কেমিক্যাল গুদাম না সরালে বিদ্যুৎ-পানি বন্ধ

## মেয়র তাপস

নিজস্ব প্রতিবেদক

ঈদের পর পুরান ঢাকার কেমিক্যাল গুদামের বিরুদ্ধে চিরুনি অভিযান শুরু করা হবে। শ্যামপুরে কেমিক্যাল পল্লি গড়ে তোলা হয়েছে। যেসব ব্যবসায়ী পুরান ঢাকা থেকে কেমিক্যাল গুদাম স্থানান্তর করবেন না, তাদের গুদামে বিদ্যুৎ, পানি ও গ্যাসের লাইন বিচ্ছিন্ন করা হবে।

গতকাল মঙ্গলবার রাজধানীর মতিঝিলে এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে এ কথা জানান ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র শেখ ফজলে নূর তাপস। ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) তাদের কার্যালয় মিলনায়তনে 'পুরোনো ঢাকার ব্যবসা-বাণিজ্যে যানজটের প্রভাব ও উত্তরণের উপায় চিহ্নিতকরণ' শীর্ষক সভাটির আয়োজন করে।

মেয়র বলেন, পুরান ঢাকার আবাসিক এলাকায় যেন কেমিক্যাল গুদাম না হয় এ জন্য লাইসেন্স বন্ধ করে দেওয়া হয়েছে। তারপরও বিভিন্ন জায়গা থেকে লাইসেন্স নিয়ে পুরান ঢাকায় গুদাম করা হয়। ঈদের পর আমরা আর শুনব না।

তিনি বলেন, পুরান ঢাকা থেকে হকার উচ্ছেদে বড় বাধা বিভিন্ন সংস্থার লোকজন ও দোকানদাররা। সিটি করপোরেশন থেকে উচ্ছেদ করা হয়। এরপর বিভিন্ন সংস্থার লোকজন ও ফুটপাত-সংলগ্ন দোকানদারের সহযোগিতায় আবার হকাররা সে জায়গা দখল করে। সবার সহযোগিতা না পেলে সিটি করপোরেশনের একার পক্ষে হকার উচ্ছেদ সম্ভব নয়।

দৈনিক বাংলা

নিউমার্কেটকে দেশের সবচেয়ে ক্রেতাবান্ধব মার্কেট উল্লেখ করে ফজলে নূর তাপস বলেন, এখানে সিটি করপোরেশনের মার্কেট রয়েছে মাত্র ৪১২টি। কিন্তু এখানে দোকানের সংখ্যা কয়েক হাজার। সিটি করপোরেশনের কাছ থেকে বৈধভাবে বরাদ্দ নেওয়া ব্যবসায়ীরা নিজ নিজ দোকানের সামনে অবৈধভাবে ভাড়া দেন, যা নিউমার্কেটকে মানুষের চলাচল অনুপযোগী করেছে। সিটি করপোরেশনের পক্ষ থেকে এসব দোকান উচ্ছেদের পর বিভিন্ন দোকানদার, রাজনৈতিক নেতা, বিভিন্ন সংস্থার লোকজন ও লাইনম্যানের সহযোগিতায় আবার বসে। বৈধ দোকানদাররা নিজেদের ব্যবসার ক্ষতি করে অবৈধভাবে ভাড়া দিয়ে বাড়তি কিছু লাভ করেন।

মেয়র বলেন, ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের অধীনে আটটি ফুটপাতকে 'রেড জোন' হিসেবে চিহ্নিত করা হয়েছে। এসব এলাকা থেকে হকারদের পর্যায়ক্রমে উচ্ছেদ করা হবে।

মেয়র জানান, কামরাঙ্গীর চরে পরিকল্পিতভাবে কেন্দ্রীয় ব্যবসাকেন্দ্র গড়ে তোলা হবে। পাশাপাশি মতিঝিল ও চকবাজারকে পুনরুজ্জীবিত করা হবে। মেট্রোরেলের কাজ চলমান থাকার কারণে এতদিন মতিঝিলে হাত দেওয়া হয়নি। মতিঝিলকে পুনরুজ্জীবিত করতে শিগগির কাজ শুরু হবে।

দৈনিক বাংলা

ফজলে নূর তাপস আরও বলেন, যেখানে-সেখানে বিক্ষিপ্তভাবে বাস কাউন্টার থাকা যানজটের অন্যতম কারণ। সায়েদাবাদকেন্দ্রিক সমস্ত বাসের কাউন্টার হবে টার্মিনালের ভেতরে। টার্মিনালের বাইরে কেউ কাউন্টার করতে চাইলে ঢাকার বাইরে চলে যেতে হবে, কাউন্টারের কারণে যানজট হতে দেওয়া যাবে না।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডিসিসিআইয়ের সভাপতি আশরাফ আহমেদ। সম্মানিত অতিথি ছিলেন ঢাকা মেট্রোপলিটন পুলিশের অতিরিক্ত কমিশনার (ট্রাফিক) মোহাম্মদ মুনিবুর রহমান, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষের (ডিটিসিএ) পরিচালক নীলিমা আক্তার। অনুষ্ঠানে পুরান ঢাকার ব্যবসায়ীরা যানজটে সৃষ্ট নানা সমস্যার কথা তুলে ধরেন।

দেশ রূপান্তর
বুধবার, ০৩ এপ্রিল ২০২৪

# ঢাকার যানজটে দিনে ক্ষতি ১৪০ কোটি টাকা

নিজস্ব প্রতিবেদক

**ডিসিসিআইর মতবিনিময়**

ঢাকা চেম্বারের (ডিসিসিআই) সভাপতি আশরাফ আহমেদ বলেছেন, রাজধানী ঢাকার যানজটের কারণে দেশের সামগ্রিক জিডিপি প্রায় ২ দশমিক ৯ শতাংশ হ্রাস পায় এবং প্রতিদিন ট্রাফিক জ্যামের কারণে নষ্ট হয়ে যাওয়া কর্মঘণ্টার আর্থিক মূল্য প্রায় ১৪০ কোটি টাকা। যানজটের কারণে পুরান ঢাকার অর্থনৈতিক ও বাণিজ্যিক গুরুত্ব প্রতিনিয়ত হ্রাস পাচ্ছে বলে মনে করেন তিনি।

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'পুরান ঢাকার ব্যবসা-বাণিজ্যে যানজটের প্রভাব ও উত্তরণের উপায় চিহ্নিতকরণ' শীর্ষক মতবিনিময় সভায় সভাপতির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

বিদ্যমান অবস্থা উত্তরণে ট্রাফিক ব্যবস্থাপনার কার্যকর ব্যবহার, পার্কিং সুবিধা নিশ্চিতকরণ, ফুটপাত অবৈধ দখলদারমুক্ত করা, ওয়ানওয়ের পাশাপাশি আধুনিক গণপরিবহনব্যবস্থা চালু করা, সুনির্দিষ্ট সময়ের মধ্যে পণ্য পরিবহন নিশ্চিতকরণ এবং সর্বোপরি গৃহীত উদ্যোগ বাস্তবায়নে রাজনৈতিক সদিচ্ছা একান্ত অপরিহার্য বলে মনে করেন এই ব্যবসায়ী নেতা।

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস। এ ছাড়া ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) অতিরিক্ত পুলিশ কমিশনার (ট্রাফিক) মো. মুনিবুর রহমান এবং ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক মিসেস নীলিমা আখতার সভায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

আশরাফ আহমেদ বলেন, দেশের জিডিপিতে পুরান ঢাকার অবদান প্রায় ২০ শতাংশ হলে, অপর্যাপ্ত অবকাঠামো, যানজট ও অপ্রতুল পরিষেবার জন্য এ এলাকার ব্যবসায়িক কার্যক্রম পরিচালনায় নানাবিধ চ্যালেঞ্জের মোকাবিলা করতে হচ্ছে। তিনি বলেন, ঢাকার যানজটের কারণে দেশের সামগ্রিক জিডিপি প্রায় ২ দশমিক ৯ শতাংশ হ্রাস পায় এবং প্রতিদিন ট্রাফিক জ্যামের কারণে নষ্ট হয়ে যাওয়া কর্মঘণ্টার আর্থিক মূল্য প্রায় ১৪০ কোটি টাকা।

তিনি বলেন, সড়কের খোঁড়াখুঁড়ি, অবৈধ ফুটপাত দখল, অপরিকল্পিত গাড়ি পার্কিং, অপ্রতুল সড়ক অবকাঠামো ও অকার্যকর ট্রাফিক ব্যবস্থাপনার কারণে, বিশেষ করে পুরান ঢাকায় সৃষ্ট সহনীয় যানজট পরিস্থিতি ব্যবসা পরিচালন ব্যয় বৃদ্ধি পেয়েছে এবং এ থেকে উত্তরণে স্মার্ট ট্রাফিক সিস্টেম চালুকরণ, নদীপথের ব্যবহার বাড়ানো এবং পুরান ঢাকার প্রধান সরু ও ব্যস্ত সড়কে একমুখী ট্রাফিক ব্যবস্থা চালুকরণের প্রস্তাব করেন ডিসিসিআই সভাপতি।

ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস বলেন, ঢাকার অপরিকল্পিত নগরায়নের জন্য আমরা নিজেরাই দায়ী, আমরাই এটা সৃষ্টি করেছি। নগরের জলাবদ্ধতার বিষয়টিকে অগ্রাধিকারের ভিত্তিতে বিবেচনায় নেওয়া হয়েছে এবং সম্প্রতি বেশ কিছু খাল দখলমুক্ত করা হয়েছে, যার মাধ্যমে সামনের দিনগুলোতে এ সমস্যা কিছুটা হলেও লাঘব হবে।

ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) অতিরিক্ত পুলিশ কমিশনার (ট্রাফিক) মো. মুনিবুর রহমান বলেন, 'ঢাকা শহরে ব্যবহারযোগ্য রাস্তার পরিমাণ মাত্র ৫ শতাংশ, ফলে আমাদের রাস্তার ওপর গণমানুষ ও পরিবহনের চাপ অত্যধিক।'

দেশ রূপান্তর

দৈনিক ইনকিলাব
THE DAILY INQILAB
বুধবার, ০৩ এপ্রিল ২০২৪




ঢাকা চেম্বার অব কমার্সের মতবিনিময় সভা। গতকাল চেম্বার ভবনে —ইনকিলাব

# মেট্রোরেলের পরিকল্পনায় যুক্ত হচ্ছে পুরান ঢাকা

স্টাফ রিপোর্টার

মেট্রোরেলের ৬টি রুট ২০৩০ সালের মধ্যে নির্মাণ করে ঢাকা শহরকে যানজটমুক্ত করার লক্ষ্য সরকারের। সরকারি এ পরিকল্পনায় মেট্রোরেলের লাইন-২ কে যুক্ত করে পুরোনো ঢাকাকে অন্তর্ভুক্ত করা হচ্ছে। এমআরটি লাইন-২ গাবতলী-ঢাকা উদ্যান-মোহাম্মদপুর বাসস্ট্যান্ড-ঝিগাতলা-সায়েন্স ল্যাবরেটরি-নিউমার্কেট-আজিমপুর-পলাশী-ঢাকা মেডিক্যাল কলেজ-গুলিস্তান-মতিঝিল-কমলাপুর স্টেশন-মান্ডা-দক্ষিণগাঁও-ধামড়িপাড়া-সাইনবোর্ড-ভুইঘর- জালকুড়ি- নারায়ণগঞ্জ।

এ রুটের সাথে ব্রাঞ্চ লাইন (সংযুক্ত রুট) হিসেবে গোলাপশাহ মাজার-নয়াবাজার-সদরঘাট। এ প্রকল্পের মোট দৈর্ঘ্য প্রায় ৩৫ কিলোমিটার। গতকাল মঙ্গলবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি আয়োজিত মতবিনিময় সভায় ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেডের পরিচালক মো. আব্দুল বাকী মিয়া এ তথ্য জানিয়েছেন।

পুরোনো ঢাকার ব্যবসা-বাণিজ্যে যানজটের ও উত্তরণের উপায় চিহ্নিতকরণ শীর্ষক এ সভায় তিনি আরও বলেন, এলিভেটেড ও আন্ডারগ্রাউন্ড সমন্বয়ে এমআরটি লাইন-২ নির্মাণ করতে খরচ হবে প্রায় ৫০ হাজার কোটি টাকা। এ প্রকল্প নির্মাণে অর্থ সংস্থানের জন্যে উন্নয়ন সহযোগী খোঁজা হচ্ছে।

এসময় ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র শেখ ফজলে নূর তাপস পুরানো ঢাকা নিয়ে মেট্রোরেল কর্তৃপক্ষের পরিকল্পনা জানতে চান। বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি(বিআরটিএ)-এর সাবেক

পরিচালক এস এম সালেহ উদ্দিন বলেন, মেট্রো সিস্টেম এমন হওয়া উচিত ছিল যেখানে একটা লাইন থেকে অন্য লাইনে হেঁটেই চলে যাওয়া যাবে। একইসাথে সার্কুলার মেট্রোরেল হলে সবাই উপকৃত হবে বলেও মন্তব্য করেন এ বিশেষজ্ঞ।

মেট্রোরেল তৈরির পরিকল্পনায় ঘাটতি উল্লেখ করে এস এম সালেহ উদ্দিন বলেন, মেট্রোরেলের লাইন-৬ নির্মাণের সময় আরও ২ টি লাইন তৈরির কথা ছিলো এসটিপিতে। কিন্তু আরএসটিপি যখন করা হয় এ লাইন বাদ দিয়ে লিনিয়ার লাইনের দিকে চলে গেছি। আমরা ডেভেলপমেন্ট ওরিয়েন্টেড ট্রানজিট করেছি। কিন্তু আমাদের হওয়া উচিত ট্রানজিট ওরিয়েন্টেড ডেভেলপমেন্ট। নগর-পরিকল্পনার দীর্ঘ অভিজ্ঞতার বর্ণনা করে এ বিশেষজ্ঞ বলেন, সব দেশে নগর গড়ে ওঠে পরিকল্পিত। কিন্তু আমরা আগে ঘরবাড়ি, দোকানপাট, হাসপাতাল নির্মাণ করেছি কিন্তু রাস্তা নির্মাণ করিনি। ফলে আমাদের সমস্যা অত্যন্ত প্রবল। আমরা আজকে বিশ্বের মধ্যে অত্যন্ত খারাপ অবস্থা আমাদের। স্বাস্থ্য, যানজট, দূষণ সব দিক থেকে।

এমআরটি-২ প্রকল্পে সম্ভাব্য ব্যয় ধরা হয়েছে ৬০ হাজার ৮৩৬ কোটি টাকা। এর মধ্যে ৪৫ হাজার ৬২৬ কোটি টাকা ধরা হয়েছে বৈদেশিক ঋণ হিসাবে। বাকি ১৫ হাজার ২১০ কোটি খরচ হবে সরকারি খাত থেকে। তবে ভূমি অধিগ্রহণ, টিওডিসহ স্টেশন প্লাজার খরচ এখানে ধরা হয়নি। এমআরটি লাইন ২-এর ডিপো ও ডিপো এক্সেস করিডর এবং কনস্ট্রাকশন ইয়ার্ড নির্মাণে ডেমরার মাতুয়াইল ও দামড়িপাড়া মৌজায় গ্রিন মডেল টাউন এবং আফতাবনগর মডেল টাউনের মধ্যবর্তী স্থানে মোট ৬৫ হেক্টর জমি রাজউকের আওতায় অন্তর্ভুক্ত করা হয়েছে।

ডিসিসিআই-এর সভাপতি আশরাফ আহমেদের সঞ্চালনায় অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে ডিটিসিএর নির্বাহী পরিচালক নীলিমা আক্তার, ঢাকা মেট্রোপলিটন পুলিশের অতিরিক্ত পুলিশ কমিশনার (ট্রাফিক) মো. মুনিবুর রহমান পুরান ঢাকা কেন্দ্রিক ব্যবসায়িক সংগঠনের নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষের (ডিটিসিএ) পরিচালক নীলিমা আক্তার বলেন, পুরান ঢাকার যানবাহন ব্যবস্থার জন্যে বিশেষায়িত পরিকল্পনার প্রয়োজন। জানিয়ে তিনি বলেন, চলমান বিআরটি প্রকল্পে খুঁড়াখুঁড়ি, সমালোচনার পরে এ প্রকল্প আর বাড়ানো হচ্ছে না।

ঢাকার যানজট নিরসনে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ভূমিকা নিচ্ছে বলে জানিয়েছেন সংস্থাটির প্রধান নির্বাহী কর্মকর্তা মিজানুর রহমান। তিনি বলেন, ফুটপাথ দখলমুক্ত করলে বা পুনর্বাসন করলে আবারও জড়ো হয়ে যান হকাররা। অনেকটা প্রবাহমান নদী থেকে আবর্জনা তুললে যেমন আবার সব পূর্ণ হয়ে যায়।

আসন্ন ঈদ-উল-ফিতর এর পরে পুরান ঢাকায় অবস্থিত অবৈধ রাসায়নিক গুদামের বিরুদ্ধে চিরুনি অভিযান পরিচালনা করা হবে বলে জানিয়েছেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস। তিনি বলেন, পুরাতন ঢাকা আমরা আর ঝুঁকিপূর্ণ রাখতে পারি না। কিছুদিন আগে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে এবং এটা প্রতিনিয়ত ঘটছে। ইতোমধ্যে রাসায়নিক দ্রব্যাদি স্থানান্তরের জন্য যে গুদামঘর, কারখানা প্রয়োজন তা শিল্প মন্ত্রণালয় থেকে শ্যামপুরে শিল্পাঞ্চলে করে দেওয়া হয়েছে। কিন্তু এ পর্যন্ত সেখানে মাত্র একজন গিয়েছেন। আমরা তাকে বাণিজ্য অনুমতি (ট্রেড লাইসেন্স) দিয়েছি। আরেকজন আবেদন করেছেন। সেটাও আমরা করে দিচ্ছি। পুরান ঢাকায় যারা রাসায়নিক ব্যবসা করছেন তাদের প্রতি আমার নিবেদন এবং কঠোর হুঁশিয়ারি থাকবে। আপনারা আইন অনুযায়ী শিল্প মন্ত্রণালয়ে আবেদন করে সেখানে স্থানান্তরিত হোন। না হলে ঈদের পরে আমরা চিরুনি অভিযান করব।

কোটি মানুষের জন্য প্রতিদিন
# যায়যায়দিন
১৯৮৪ থেকে
বুধবার, ০৩ এপ্রিল ২০২৪




*ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস মঙ্গলবার মতিঝিলের ডিসিসিআই অডিটোরিয়ামে স্টেকহোল্ডার মতবিনিময় সভায় বক্তব্য রাখেন -সংগৃহীত*

# ঈদের পর পুরান ঢাকার রাসায়নিক গুদামে চিরুনি অভিযান : তাপস

■ যাযাদি রিপোর্ট

ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস জানিয়েছেন, পুরান ঢাকায় অবস্থিত অবৈধ রাসায়নিক গুদামের বিরুদ্ধে আসন্ন ঈদুল ফিতরের পরে চিরুনি অভিযান পরিচালনা করা হবে। মঙ্গলবার দুপুরে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) উদ্যোগে মতিঝিলের ডিসিসিআই অডিটোরিয়ামে আয়োজিত 'পুরান ঢাকার ব্যবসা-বাণিজ্যে যানজটের প্রভাব ও উত্তরণের উপায় চিহ্নিতকরণ' শীর্ষক এক স্টেকহোল্ডার মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা জানান।

মেয়র বলেন, পুরান ঢাকা আমরা আর ঝুঁকিপূর্ণ রাখতে পারি না। কিছুদিন আগে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে এবং এটা প্রতিনিয়ত ঘটছে। ইতোমধ্যে রাসায়নিক দ্রব্যাদি স্থানান্তরের জন্য যে গুদামঘর, কারখানা প্রয়োজন তা শিল্প মন্ত্রণালয় থেকে শ্যামপুরে শিল্পাঞ্চলে করে দেওয়া হয়েছে। কিন্তু এ পর্যন্ত সেখানে মাত্র একজন গিয়েছেন। আমরা তাকে বাণিজ্য অনুমতি (ট্রেড লাইসেন্স) দিয়েছি। আরেকজন আবেদন করেছেন। সেটাও আমরা করে দিচ্ছি। আজকের (মঙ্গলবার) এই সভার মাধ্যমে পুরান ঢাকায় যারা রাসায়নিক ব্যবসা করছেন তাদের প্রতি আমার নিবেদন এবং কঠোর হুঁশিয়ারি থাকবে। আপনারা আইন অনুযায়ী শিল্প মন্ত্রণালয়ে আবেদন করে সেখানে স্থানান্তরিত হন। না হলে ঈদের পরে আমরা চিরুনি অভিযান করব।

রাসায়নিক দ্রব্যাদির ব্যবসায়িক কার্যক্রম পরিচালিত হয় এমন ভবনগুলো প্রয়োজনে সিলগালা করে দেওয়ার হুঁশিয়ারি জানিয়ে শেখ তাপস বলেন, আমাদের তালিকাভুক্ত ১৯২৪টি রাসায়নিক দ্রবাদির গুদাম ও ব্যবসায়িক প্রতিষ্ঠান সেখানে রয়েছে। আমরা ২০১৭ সালের পর হতে সেসব প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স প্রদান ও নবায়ন বন্ধ রেখেছি। তারপরও আপনারা বিভিন্ন জায়গা থেকে ট্রেড লাইসেন্স নিয়ে সেখানে ব্যবসা করছেন। আমরা ঈদের পরে চিরুনি অভিযান পরিচালনা করে সবগুলো বন্ধ করে দেবো। আরেকটি বিষয় হলো, সেসব ভবনে উপরে কিন্তু অনেকেই আবাসন হিসেবেব্যবহার করেন আবার নিচে গুদামঘর। এটি অত্যন্ত বিপজ্জনক। তাই প্রয়োজনে সেসব ভবন সিলগালা করে বিদ্যুৎ-পানি বন্ধ করে দেবো। এতে পুরো ভবন বন্ধ হয়ে যাবে। তখন যে ভোগান্তি হবে সেজন্য আপনারা আমাদের দোষারোপ করতে পারবেন না।

ডিসিসিআই'র সভাপতি আশরাফ আহমেদের সঞ্চালনায় অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে ডিটিসিএ'র নির্বাহী পরিচালক নীলিমা আক্তার, ঢাকা মেট্রোপলিটন পুলিশের অতিরিক্ত পুলিশ কমিশনার (ট্রাফিক) মো. মুনিবুর রহমান, পরিবহণ বিশেষজ্ঞ ড. এস এম সালেহ উদ্দিন, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেডের পরিচালক মো. আব্দুল বাকী মিয়াসহ পুরান ঢাকাকেন্দ্রিক ব্যবসায়িক সংগঠনের নেতারা বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে বক্তারা জানান, বাংলাদেশের জিডিপিতে ঢাকার অবদান ৪৬ শতাংশ আর ঢাকাকেন্দ্রিক যে কর্মসংস্থান সৃষ্টি হয়েছে তার মধ্যে পুরান ঢাকার প্রত্যক্ষ ও পরোক্ষ অবদান প্রায় ৪০ শতাংশ। সুতরাং পুরান ঢাকার যানজট কমাতে সংশ্লিষ্ট সবাইকে দায়িত্বশীল আচরণ করতে হবে এবং বিদ্যমান সমস্যাগুলোর আশু সমাধান অত্যন্ত জরুরি।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে করপোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. মিজানুর রহমান, ভারপ্রাপ্ত প্রধান প্রকৌশলী আশিকুর রহমান, প্রধান রাজস্ব কর্মকর্তা আরিফুল হক, এফবিসিসিআই, ডিসিসিআইসহ বিভিন্ন ব্যবসায়িক সংগঠনের উর্ধ্বতন নেতারা উপস্থিত ছিলেন।

শেয়ার বিজ
সৃজনের পথে উন্নত স্বদেশ
বুধবার, ০৩ এপ্রিল ২০২৪

## ডিএসসিসি মেয়র তাপস

# ঈদের পর কেমিক্যাল গুদাম না সরালে বিদ্যুৎ-পানি বন্ধ

নিজস্ব প্রতিবেদক

ঈদের পর পুরান ঢাকার কেমিক্যাল গুদামের বিরুদ্ধে চিরুনি অভিযান শুরু করা হবে। শ্যামপুরে কেমিক্যাল পল্লী গড়ে তোলা হয়েছে। যেসব ব্যবসায়ী পুরান ঢাকা থেকে কেমিক্যাল গুদাম স্থানান্তর করবেন না, তাদের গুদামে বিদ্যুৎ, পানি ও গ্যাসের লাইন বিচ্ছিন্ন করা হবে। গতকাল মঙ্গলবার রাজধানীর মতিঝিলে এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে এ কথা জানান ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র শেখ ফজলে নূর তাপস। ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) তাদের কার্যালয় মিলনায়তনে 'পুরানা ঢাকার ব্যবসা-বাণিজ্যে যানজটের প্রভাব ও উত্তরণের উপায় চিহ্নিতকরণ' শীর্ষক সভাটির আয়োজন করে।

মেয়র বলেন, পুরান ঢাকার আবাসিক এলাকায় যেন কেমিক্যাল গুদাম না হয় এজন্য লাইসেন্স বন্ধ করে দেওয়া হয়েছে। তারপরও বিভিন্ন জায়গা থেকে লাইসেন্স নিয়ে পুরান ঢাকায় গুদাম করা হয়। ঈদের পর আমরা আর কিছুই শুনব না।

তিনি বলেন, পুরান ঢাকা থেকে হকার উচ্ছেদে বড় বাধা বিভিন্ন সংস্থার লোকজন ও দোকানদাররা। সিটি করপোরেশন থেকে উচ্ছেদ করা হয়। এরপর বিভিন্ন সংস্থার লোকজন ও ফুটপাথ-সংলগ্ন দোকানদারের সহযোগিতায় আবার হকাররা সে জায়গা দখল করে। সবার সহযোগিতা না পেলে সিটি করপোরেশনের একার পক্ষে উচ্ছেদ সম্ভব নয়।

মেয়র বলেন, ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের অধীনে আটটি ফুটপাথকে 'রেড জোন' হিসেবে চিহ্নিত করা হয়েছে। এসব এলাকা থেকে হকারদের পর্যায়ক্রমে উচ্ছেদ করা হবে। মেয়র জানান, কামরাঙ্গীর চরে পরিকল্পিতভাবে কেন্দ্রীয় ব্যবসাকেন্দ্র গড়ে তোলা হবে। পাশাপাশি মতিঝিল ও চকবাজারকে পুনরুজ্জীবিত করা হবে। মেট্রোরেলের কাজ চলমান থাকার কারণে এতদিন মতিঝিলে হাত দেওয়া হয়নি। মতিঝিলকে পুনরুজ্জীবিত করতে শিগগিরই কাজ শুরু হবে।

ফজলে নূর তাপস আরও বলেন, যেখানে-সেখানে বিক্ষিপ্তভাবে বাস কাউন্টার থাকা যানজটের অন্যতম কারণ। সায়েদাবাদকেন্দ্রিক সব বাসের কাউন্টার হবে টার্মিনালের ভেতরে। টার্মিনালের বাইরে কেউ কাউন্টার করতে চাইলে ঢাকার বাইরে চলে যেতে হবে, কাউন্টারের কারণে যানজট হতে দেওয়া যাবে না।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডিসিসিআইয়ের সভাপতি আশরাফ আহমেদ। অতিথি ছিলেন মোহাম্মদ মুনিবুর রহমান, নীলিমা আক্তার। অনুষ্ঠানে পুরান ঢাকার ব্যবসায়ীরা যানজটে সৃষ্ট নানা সমস্যার কথা তুলে ধরেন।

যানজটের কারণে পুরান ঢাকার অর্থনৈতিক ও বাণিজ্যিক গুরুত্ব প্রতিনিয়ত হ্রাস পাচ্ছে বলে অভিমত ব্যক্ত করেছেন ডিসিসিআই সভাপতি আশরাফ আহমেদ।

আজকের পত্রিকা

বুধবার, ০৩ এপ্রিল ২০২৪



# ঈদের পর পুরান ঢাকার রাসায়নিক গুদামের বিরুদ্ধে চিরুনি অভিযান

—— মেয়র তাপস

● নিজস্ব প্রতিবেদক

আসন্ন ঈদুল ফিতরের পর পুরান ঢাকার অবৈধ রাসায়নিক গুদামের বিরুদ্ধে চিরুনি অভিযান পরিচালনা করা হবে বলে জানিয়েছেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস। গতকাল মঙ্গলবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এর উদ্যোগে মতিঝিলে ডিসিসিআই অডিটোরিয়ামে আয়োজিত 'পুরান ঢাকার ব্যবসা-বাণিজ্যে যানজটের প্রভাব ও উত্তরণের উপায় চিহ্নিতকরণ' শীর্ষক স্টেকহোল্ডার মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে মেয়র শেখ ফজলে নূর তাপস এসব কথা বলেন।

তিনি বলেন, পুরান ঢাকা আমরা আর ঝুঁকিপূর্ণ রাখতে পারি না। কিছুদিন আগে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে এবং এটা প্রতিনিয়ত ঘটছে। ইতোমধ্যে রাসায়নিক দ্রব্যাদি স্থানান্তরের জন্য যে গুদামঘর, কারখানা প্রয়োজন তা শিল্প মন্ত্রণালয় থেকে শ্যামপুরে শিল্পাঞ্চলে করে দেওয়া হয়েছে। কিন্তু এ পর্যন্ত সেখানে মাত্র একজন গিয়েছেন। আমরা তাকে বাণিজ্য অনুমতি (ট্রেড লাইসেন্স) দিয়েছি। আরেকজন আবেদন করেছেন। সেটাও আমরা করে দিচ্ছি। এই সভার মাধ্যমে পুরান ঢাকায় যারা রাসায়নিক ব্যবসা করছেন তাদের প্রতি আমার নিবেদন এবং কঠোর হুঁশিয়ারি থাকবে। আপনারা আইন অনুযায়ী শিল্প মন্ত্রণালয়ে আবেদন করে সেখানে স্থানান্তরিত হোন। না হলে ঈদের পর আমরা চিরুনি অভিযান পরিচালনা করবো।

রাসায়নিক দ্রব্যাদির ব্যবসায়িক কার্যক্রম পরিচালিত হয় এমন ভবনগুলো প্রয়োজনে সিলগালা করে দেওয়ার হুঁশিয়ারি জানিয়ে মেয়র বলেন, আমাদের তালিকাভুক্ত এক হাজার ৯২৪টি রাসায়নিক দ্রব্যাদির গুদাম ও ব্যবসায়িক প্রতিষ্ঠান সেখানে রয়েছে। ২০১৭ সালের পর থেকে সেসব প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স প্রদান ও নবায়ন বন্ধ রেখেছি। তারপরও আপনারা বিভিন্ন জায়গা থেকে ট্রেড লাইসেন্স নিয়ে সেখানে ব্যবসা করছেন। আমরা ঈদের পরে চিরুনি অভিযান পরিচালনা করে সব বন্ধ করে দেব। আরেকটি বিষয় হলো, সেসব ভবনে ওপরে কিন্তু অনেকেই আবাসন হিসেবে ব্যবহার করেন, আবার নিচে গুদামঘর। এটি অত্যন্ত বিপজ্জনক। তাই প্রয়োজনে সেসব ভবন সিলগালা করে বিদ্যুৎ-পানি বন্ধ করে দেব। এতে পুরো ভবন বন্ধ হয়ে যাবে। তখন যে ভোগান্তি হবে সেজন্য আপনারা আমাদেরকে দোষারোপ করতে পারবেন না।

ডিসিসিআই সভাপতি আশরাফ আহমেদের সঞ্চালনায় অনুষ্ঠানে অন্যদের মধ্যে ডিটিসিআই'র নির্বাহী পরিচালক নীলিমা আক্তার, ঢাকা মেট্রোপলিটন পুলিশের অতিরিক্ত পুলিশ কমিশনার (ট্রাফিক) মো. মুনিবুর রহমান, পরিবহন বিশেষজ্ঞ ড. এস এম সালেহ উদ্দিন, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেডের পরিচালক মো. আব্দুল বাকী মিয়াসহ পুরান ঢাকাকেন্দ্রিক ব্যবসায়িক সংগঠনের নেতৃবৃন্দ বক্তব্য রাখেন। অনুষ্ঠানে বক্তারা জানান, বাংলাদেশের জিডিপিতে ঢাকার অবদান ৪৬ শতাংশ আর ঢাকাকেন্দ্রিক যে কর্মসংস্থান সৃষ্টি হয়েছে, তার মধ্যে পুরান ঢাকার প্রত্যক্ষ ও পরোক্ষ অবদান প্রায় ৪০ শতাংশ। সুতরাং পুরান ঢাকার যানজট কমাতে সংশ্লিষ্ট সকলকে দায়িত্বশীল আচরণ করতে হবে এবং বিদ্যমান সমস্যাসমূহের আশু সমাধান অত্যন্ত জরুরি।

অনুষ্ঠানে অন্যদের মধ্যে করপোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. মিজানুর রহমান, ভারপ্রাপ্ত প্রধান প্রকৌশলী আশিকুর রহমান, প্রধান রাজস্ব কর্মকর্তা আরিফুল হক, এফবিসিসিআই, ডিসিসিআইসহ বিভিন্ন ব্যবসায়িক সংগঠনের ঊর্ধ্বতন নেতারা উপস্থিত ছিলেন।

The Daily Alokito Bangladesh
আলোকিত বাংলাদেশ
বুধবার, ০৩ এপ্রিল ২০২৪

# ঈদের পর পুরান ঢাকায় রাসায়নিক গুদামে চিরুনি অভিযান

## মেয়র তাপস

নিজস্ব প্রতিবেদক

ঈদের পর পুরান ঢাকার রাসায়নিক গুদামের বিরুদ্ধে চিরুনি অভিযান পরিচালনা করা হবে বলে জানিয়েছেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) মেয়র শেখ ফজলে নূর তাপস। গতকাল দুপুরে মতিঝিলে ডিসিসিআই মিলনায়তনে এক মতবিনিময় সভায় এ কথা জানান তিনি। 'পুরান ঢাকার ব্যবসা-বাণিজ্যে যানজটের প্রভাব ও উত্তরণের উপায় চিহ্নিতকরণ' শীর্ষক এ মতবিনিময় সভা আয়োজন করে ডিসিসিআই। সভায় শেখ ফজলে নূর তাপস প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন। মতবিনিময় সভায় শেখ ফজলে নূর তাপস বলেন, পুরান ঢাকা আমরা আর ঝুঁকিপূর্ণ রাখতে পারি না। কিছুদিন আগে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে এবং এটা প্রতিনিয়ত ঘটছে। এরইমধ্যে রাসায়নিক দ্রব্যাদি স্থানান্তরের জন্য যে গুদামঘর, কারখানা প্রয়োজন তা শিল্প মন্ত্রণালয় থেকে শ্যামপুরে শিল্পাঞ্চলে করে দেওয়া হয়েছে। কিন্তু এ পর্যন্ত সেখানে মাত্র একজন গিয়েছেন। আমরা তাকে বাণিজ্য অনুমতি (ট্রেড লাইসেন্স) দিয়েছি। আরেকজন আবেদন করেছেন। সেটাও আমরা করে দিচ্ছি। আজকের এই সভার মাধ্যমে পুরান ঢাকায় যারা রাসায়নিক ব্যবসা করছেন তাদের প্রতি আমার নিবেদন এবং কঠোর হুঁশিয়ারি থাকবে।




আপনারা আইন অনুযায়ী শিল্প মন্ত্রণালয়ে আবেদন করে সেখানে স্থানান্তরিত হোন। না হলে ঈদের পরে আমরা চিরুনি অভিযান করব। রাসায়নিক দ্রব্যাদির ব্যবসায়িক কার্যক্রম পরিচালিত হয় এমন ভবনগুলো প্রয়োজনে সিলগালা করে দেওয়ার হুঁশিয়ারি জানিয়ে শেখ তাপস বলেন, আমাদের তালিকাভুক্ত এক হাজার ৯২৪টি রাসায়নিক দ্রব্যাদির গুদাম ও ব্যবসায়িক প্রতিষ্ঠান সেখানে রয়েছে। আমরা ২০১৭ সালের পর থেকে সেসব প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স প্রদান ও নবায়ন বন্ধ রেখেছি। তারপরও আপনারা বিভিন্ন জায়গা থেকে ট্রেড লাইসেন্স নিয়ে সেখানে ব্যবসা করছেন। আমরা ঈদের পর চিরুনি অভিযান পরিচালনা করে সবগুলো বন্ধ করে দেব। আরেকটি বিষয় হলো, সেসব ভবনের উপরে কিন্তু অনেকেই আবাসন হিসেবে ব্যবহার করেন আবার নিচে গুদামঘর। এটি অত্যন্ত বিপজ্জনক। তাই প্রয়োজনে সেসব ভবন সিলগালা করে বিদ্যুৎ-পানি বন্ধ করে দেব। এতে পুরো ভবন বন্ধ হয়ে যাবে। তখন যে ভোগান্তি হবে সেজন্য আপনারা আমাদের দোষারোপ করতে পারবেন না।

ডিসিসিআই সভাপতি আশরাফ আহমেদের সঞ্চালনায় অনুষ্ঠানে ডিটিসিএর নির্বাহী পরিচালক নীলিমা আক্তার, ঢাকা মেট্রোপলিটন পুলিশের অতিরিক্ত পুলিশ কমিশনার (ট্রাফিক) মো. মুনিবুর রহমান, পরিবহন বিশেষজ্ঞ ড. এস এম সালেহ উদ্দিন, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেডের পরিচালক মো. আব্দুল বাকী মিয়াসহ পুরান ঢাকা কেন্দ্রিক ব্যবসায়িক সংগঠনের নেতারা বক্তব্য দেন। অনুষ্ঠানে বক্তারা জানান, বাংলাদেশের জিডিপিতে ঢাকার অবদান ৪৬ শতাংশ আর ঢাকাকেন্দ্রিক যে কর্মসংস্থান সৃষ্টি হয়েছে তন্মধ্যে পুরান ঢাকার প্রত্যক্ষ ও পরোক্ষ অবদান প্রায় ৪০ শতাংশ।

সুতরাং পুরান ঢাকার যানজট কমাতে সংশ্লিষ্ট সবাইকে দায়িত্বশীল আচরণ করতে হবে এবং বিদ্যমান সমস্যাসমূহের আশু সমাধান অত্যন্ত জরুরি। অনুষ্ঠানে অন্যদের মধ্যে করপোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. মিজানুর রহমান, ভারপ্রাপ্ত প্রধান প্রকৌশলী আশিকুর রহমান, প্রধান রাজস্ব কর্মকর্তা আরিফুল হক প্রমুখ উপস্থিত ছিলেন।

আমাদের অর্থনীতি

বুধবার, ০৩ এপ্রিল ২০২৪

# ট্রাফিক জ্যামে দিনে ১৪০ কোটি টাকার কর্মঘন্টা নষ্ট : ডিসিসিআই

এস.ইসলাম জয় : [১] ঢাকা চেম্বার সভাপতি আশরাফ আহমেদ বলেন, রাজধানীর ঢাকার যানজটের কারণে দেশের সামগ্রিক জিডিপি প্রায় ২.৯ শতাংশ হ্রাস পায় এবং প্রতিদিন ট্রাফিক জ্যামের কারণে নষ্ট হয়ে যাওয়া কর্মঘন্টার আর্থিক মূল্য প্রায় ১৪০ কোটি টাকা।

[২] গতকাল মঙ্গলবার রাজধানীর ডিসিসিআই অডিটোরিয়ামে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি আয়োজিত পুরোনো ঢাকার ব্যবসা-বাণিজ্যে যানজটের প্রভাব ও উত্তরণের উপায় চিহ্নিতকরণ শীর্ষক মতবিনিময় সভায় এ তথ্য প্রকাশ করা হয়।



[৩] তিনি বলেন, দেশের জিডিপিতে পুরোনো ঢাকার অবদান প্রায় ২০ শতাংশ হলে, অপর্যাপ্ত অবকাঠামো, যানজট ও অপ্রতুল পরিসেবার জন্য এ এলাকার ব্যবসায়িক কার্যক্রম পরিচালনায় নানাবিধ চ্যালেঞ্জের মোকাবেলা করতে হচ্ছে। সড়কের খোড়াখুড়ি, অবৈধ ফুটপাত দখল, অপরিকল্পিত গাড়ি পার্কিং, অপ্রতুল সড়ক অবকাঠামো ও অকার্যকর ট্রাফিক ব্যবস্থাপনার কারণে বিশেষকরে পুরোনো ঢাকায় সৃষ্ট সহনীয় যানজট লেগে থাকে। ব্যবসা পরিচালন ব্যয় বৃদ্ধি পেয়েছে এবং এ হতে উত্তরণে স্মার্ট ট্রাফিক সিস্টেম চালুকরণ, নদীপথের ব্যবহার বাড়ানো এবং পুরোনো ঢাকার প্রধান সড়ক ও ব্যস্ত সড়কে একমুখী ট্রাফিক ব্যবস্থা চালুকরণের প্রস্তাব করেন ডিসিসিআই সভাপতি। [৪] যানজটের কারণে পুরোনো ঢাকার অর্থনৈতিক ও বাণিজ্যিক গুরুত্ব প্রতিনিয়ত হ্রাস পাচ্ছে বলে অভিমত ব্যক্ত করেছেন ডিসিসিআই সভাপতি আশরাফ আহমেদ। বিদ্যমান অবস্থা উত্তরণে ট্রাফিক ব্যবস্থাপনার কার্যকর ব্যবহার, পার্কিং সুবিধানিশ্চিতকরণ, ফুটপাত অবৈধ দখলদার মুক্ত করা, ওয়ান-ওয়ের পাশাপাশি আধুনিক গণপরিবহন ব্যবস্থা চালুকরা, সুনির্দিষ্ট সময়ের মধ্যে পণ্যপরিবহন নিশ্চিতকরণ এবং সর্বোপরি গৃহীত উদ্যোগ বাস্তবায়নে রাজনৈতিক স্বদিচ্ছা একান্ত অপরিহার্য বলে তিনি মত প্রকাশ করেন।

[৫] ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস বলেন, ঢাকার অপরিকল্পিত নগারয়নের জন্য আমরা নিজেরাই দায়ী, আমরাই এটা সৃষ্টি করেছি। নগরের অভিবাবক হিসেবে সিটি কর্পোরেশন নগরের পরিকল্পনা গ্রহণ করবে। সেমতে দক্ষিণ সিটি কর্পোরেশন ইতোমধ্যে নানাবিধ উদ্যোগ গ্রহণ করেছে বলে তিনি অভহিত করেন।

[৬] তিনি জানান, কোন ধরনের কর বৃদ্ধি ছাড়াই সুশাসন নিশ্চিতকরার মাধ্যমে ২০২৩ সালে দক্ষিণ সিটি কর্পোরেশন ১ হাজার ৩১ কোটি টাকার রাজস্ব আদায় করেছিল, ২০২০ সালে যার পরিমাণ ছিল ৫১২ কোটি টাকা। নগরের জলজটের বিষয়টিকে অগ্রাধিকারের ভিত্তিতে বিবেচনায় নেওয়া হয়েছে। সম্প্রতি বেশকিছু খাল দখলমুক্ত করা হয়েছে, যার মাধ্যমে সামনের দিনগুলোতে এ সমস্যা কিছুটা হলেও লাঘব হবে। [৭]

নতুন ধারার দৈনিক
আমাদের সময়
বুধবার, ০৩ এপ্রিল ২০২৪



# ঈদের পর কেমিক্যাল গুদামে অভিযান

**শেখ ফজলে নূর তাপস** *ডিএসসিসি মেয়র*

ঈদুল ফিতরের পর পুরান ঢাকায় অবস্থিত অবৈধ কেমিক্যাল গুদামগুলোতে চিরুনি অভিযান পরিচালনা করা হবে বলে জানিয়েছেন ডিএসসিসি মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস। গতকাল দুপুরে মতিঝিলে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিতে 'পুরান ঢাকার ব্যবসা-বাণিজ্যে যানজটের প্রভাব ও উত্তরণের উপায় চিহ্নিতকরণ' শীর্ষক মতবিনিময়সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা জানান।

মেয়র তাপস বলেন, পুরান ঢাকা আমরা আর ঝুঁকিপূর্ণ রাখতে পারি না। কিছুদিন আগে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে এবং এটা প্রতিনিয়ত ঘটছে। ইতোমধ্যে রাসায়নিক দ্রব্যাদি স্থানান্তরের জন্য যে গুদামঘর, কারখানা প্রয়োজন, সেটার জন্য শ্যামপুরে শিল্পাঞ্চল করা হয়েছে। কিন্তু এ পর্যন্ত সেখানে মাত্র একজন গিয়েছেন। আরেকজন আবেদন করেছেন। এই সভার মাধ্যমে পুরান ঢাকায় যারা রাসায়নিক ব্যবসা করছেন তাদের প্রতি আমার নিবেদন এবং কঠোর হুঁশিয়ারি থাকবে- আপনারা শিল্প মন্ত্রণালয়ে আবেদন করে, সেখানে স্থানান্তরিত হন; না হলে ঈদের পর চিরুনি অভিযান চালাব।

কেমিক্যাল গুদাম থাকা ভবনগুলো সিলগালা করার হুঁশিয়ারি দিয়ে মেয়র তাপস বলেন, পুরান ঢাকায় তালিকাভুক্ত ১৯২৪টি কেমিক্যাল গুদাম ও ব্যবসায়িক প্রতিষ্ঠান রয়েছে। ২০১৭ সালের পর থেকে সেসব প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স নবায়ন বন্ধ রেখেছি। তারপরও তারা বিভিন্ন জায়গা থেকে ট্রেড লাইসেন্স নিয়ে ব্যবসা করছেন। কিন্তু ঈদের পরে অভিযান চালিয়ে সবগুলো বন্ধ করে দেব। এ ছাড়া যেসব ভবনের ওপরে আবাসন আর নিচে গুদামঘর, সেগুলো সিলগালা করে বিদ্যুৎ-পানি বন্ধ করে দেব। তখন যে ভোগান্তি হবে, সেজন্য আমাদের দোষারোপ করতে পারবেন না। ডিসিসিআইর সভাপতি আশরাফ আহমেদের সঞ্চালনায় অনুষ্ঠানে ডিটিসিএর নির্বাহী পরিচালক নীলিমা আক্তার, ডিএমপির অতিরিক্ত পুলিশ কমিশনার (ট্রাফিক) মো. মুনিবুর রহমান, পরিবহন বিশেষজ্ঞ ড. এসএম সালেহ উদ্দিন, ডিএমটিসিএলের পরিচালক মো. আব্দুল বাকী মিয়াসহ পুরান ঢাকাকেন্দ্রিক ব্যবসায়িক সংগঠনের নেতৃবৃন্দ বক্তব্য রাখেন। বক্তারা পুরান ঢাকার যানজট কমাতে বিদ্যমান সমস্যাগুলোর আশু সমাধানের তাগিদ দেন। অনুষ্ঠানে করপোরেশনের সিইও মো. মিজানুর রহমান, ভারপ্রাপ্ত প্রধান প্রকৌশলী আশিকুর রহমান, প্রধান রাজস্ব কর্মকর্তা আরিফুল হক, এফবিসিসিআই, ডিসিসিআইসহ বিভিন্ন ব্যবসায়িক সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

● নিজস্ব প্রতিবেদক

The Daily Star

# কেমিক্যাল ব্যবসা পুরান ঢাকা থেকে শ্যামপুরে সরানোর নির্দেশ মেয়র তাপসের

ডিএসসিসি মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নুর তাপস বলেন, আমরা আর পুরান ঢাকায় দাহ্য কেমিক্যাল ব্যবসা করতে দেব না।




ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি আয়োজিত 'পুরান ঢাকার ব্যবসা-বাণিজ্যের ওপর যানজটের প্রভাব ও উত্তরণের উপায় চিহ্নিতকরণ' শীর্ষক আলোচনা সভা। ছবি: সংগৃহীত

**ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নুর তাপস বলেছেন, কেমিক্যাল ব্যবসায়ীরা অবিলম্বে তাদের ব্যবসা পুরান ঢাকা থেকে শ্যামপুরে স্থানান্তর না করলে ঈদের পর ডিএসসিসি চিরুনি অভিযান শুরু করবে।**

রাজধানীর শ্যামপুর এলাকায় ডিএসসিসি ইতোমধ্যে তাদের জমি দিয়েছে জানিয়ে তিনি বলেন, 'আমরা আর পুরান ঢাকায় দাহ্য কেমিক্যাল ব্যবসা করতে দেব না।'

আজ মঙ্গলবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি আয়োজিত 'পুরান ঢাকার ব্যবসা-বাণিজ্যের ওপর যানজটের প্রভাব ও উত্তরণের উপায় চিহ্নিতকরণ' শীর্ষক আলোচনা সভায় তিনি এসব বলেন।

মেয়র বলেন, পুরান ঢাকায় ১ হাজার ৯২৪ জন কেমিক্যাল ব্যবসায়ী ব্যবসা করছেন, যা এলাকাবাসীর জীবনের জন্য হুমকি।

'আমরা কেমিক্যাল ব্যবসার বিদ্যুৎ ও গ্যাসসহ ইউটিলিটি পরিষেবা বিচ্ছিন্ন করে দেব,' বলেন তিনি।

তিনি ব্যবসায়ীদের যত তাড়াতাড়ি সম্ভব সেখান থেকে ব্যবসা সরিয়ে নেওয়ার পরামর্শ দেন।

এসময় তিনি ব্যাটারিচালিত অটোরিকশাকে ঝুঁকিপূর্ণ উল্লেখ করে যাত্রীদের এগুলো এড়িয়ে চলার পরামর্শ দেন। একইসঙ্গে ভাড়ার বিনিময়ে ফুটপাতে হকারদের ব্যবসা করতে দেওয়ার জন্য দোকানদারদের দায়ী করেন।




DHAKA, April 2, 2024 (BSS)-Dhaka South City Corporation (DSCC) Mayor Barrister Sheikh Fazle Noor Taposh today said eco-friendly and Internet of Things (IoT) based transport system will be implemented in Dhaka soon.

"Unplanned urbanization and unabated expansion are created by us and we all are responsible for this," he said this while speaking at a discussion on “Effect of Traffic Congestion over businesses of old Dhaka and Identify the Way Forward” at Dhaka Chamber of Commerce and Industry (DCCI) auditorium here.

In his speech, Barrister Taposh pointed out that DSCC has been able to nearly double its revenue from around 512 crore taka to over 1031 crore without increasing any taxes just by improving governance.

The DSCC has successfully tackled the solid waste problem and is now focusing on water logging, he added.

He said that a new central business hub will be built at Keranigonj as this area is situated beside the Buriganga River.

He also said that from now on bus counters will no more be allowed to station outside the bus terminals.

He urged the shop owners not to allow any hawkers to sit in front of their shops anymore and be strict against them.

DCCI President Ashraf Ahmed also spoke on the occasion. Ashraf Ahmed said due to unbearable traffic congestion the historic old Dhaka is day by day losing its charm of long heritage of being one of the largest economic and trading hubs in the country.

"Old Dhaka alone probably contributes about 20 percent to the country’s GDP. Old Dhaka is one of the largest trading hubs in the country and thousands of crores of taka transactions takes place in this part of the city," he added.

But due to unbearable traffic jam, he said, many businesses are now trying to shift to other places and if this trend continues, one day, the city will lose its long heritage as the economic heart of the country, he added.

He also said that due to traffic congestion working hour worth of about 140 crore taka is being lost daily.

Moreover, unplanned urbanization and expansion create traffic congestion that result in about 2.9 percent GDP loss, he added.

He mentioned that illegal shops on the footpath, narrow roads, lack of traffic system, illegal uses of footpath by the shops, illegal rickshaws and vans, illegal hawkers are few of the major problems for traffic jam in the old Dhaka.

He suggested one way traffic system to ease the situation.

He also recommended for artificial intelligent (AI) based traffic signaling, administrative decentralization, long term urban development strategy, expansion of metro-rail in old Dhaka, developing an integrated circular river route, loading and unloading after 9 pm and eviction of illegal hawkers from the footpath.

DSCC Chief Executive Officer (CEO) Mizanur Rahman said that illegal trading on footpath is one of the major reasons behind traffic jam in old Dhaka. He said that DSCC regularly conducts eviction drives against the illegal hawkers.

He also told that the lost canals are being revived from the land grabber so it will help reducing water logging in the city.

To ease the traffic congestion, feasibility of so far 60 points has been done to implement AI based traffic signaling system, he added.

Executive Director (Additional Secretary) of Dhaka Transport Coordination Authority (DTCA) Neelima Akter said that "We need to formulate an action plan or specialized strategic solution for the future. She also urged on better coordination among the concerned government agencies."

# ঈদের পর পুরান ঢাকার রাসায়নিক গুদামের বিরুদ্ধে চিরুনি অভিযান : মেয়র তাপস




ঢাকা, ২ এপ্রিল, ২০২৪ (বাসস) : আসন্ন ঈদ-উল-ফিতরের পর পুরান ঢাকার অবৈধ রাসায়নিক গুদামের বিরুদ্ধে চিরুনি অভিযান পরিচালনা করা হবে বলে জানিয়েছেন ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের (ডিএসসিসি) মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস।

তিনি বলেন, ‘পুরান ঢাকা আমরা আর ঝুঁকিপূর্ণ রাখতে পারি না। কিছুদিন আগে অগ্নিকা-ের ঘটনা ঘটেছে এবং এটা প্রতিনিয়ত ঘটছে। ইতোমধ্যে রাসায়নিক দ্রব্যাদি স্থানান্তরের জন্য যে গুদামঘর, কারখানা প্রয়োজন তা শিল্প মন্ত্রণালয় থেকে শ্যামপুরে শিল্পাঞ্চলে করে দেয়া হয়েছে। কিন্তু এ পর্যন্ত সেখানে মাত্র একজন গিয়েছেন। আমরা তাকে বাণিজ্য অনুমতি (ট্রেড লাইসেন্স) দিয়েছি। আরেকজন আবেদন করেছেন। সেটাও আমরা করে দিচ্ছি। এই সভার মাধ্যমে পুরান ঢাকায় যারা রাসায়নিক ব্যবসা করছেন তাদের প্রতি আমার নিবেদন এবং কঠোর হুঁশিয়ারি থাকবে। আপনারা আইন অনুযায়ী শিল্প মন্ত্রণালয়ে আবেদন করে সেখানে স্থানান্তরিত হোন। না হলে ঈদের পর আমরা চিরুনি অভিযান পরিচালনা করবো।’

আজ মঙ্গলবার দুপুরে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এর উদ্যোগে মতিঝিলে ডিসিসিআই অডিটোরিয়ামে আয়োজিত ‘পুরোনো ঢাকার ব্যবসা-বাণিজ্যে যানজটের প্রভাব ও উত্তরণের উপায় চিহ্নিতকরণ’ শীর্ষক স্টেকহোল্ডার মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে মেয়র শেখ ফজলে নূর তাপস এসব কথা বলেন।

রাসায়নিক দ্রব্যাদির ব্যবসায়িক কার্যক্রম পরিচালিত হয় এমন ভবনগুলো প্রয়োজনে সিলগালা করে দেয়ার হুঁশিয়ারি জানিয়ে তিনি বলেন, ‘আমাদের তালিকাভুক্ত ১ হাজার ৯২৪টি রাসায়নিক দ্রবাদির গুদাম ও ব্যবসায়িক প্রতিষ্ঠান সেখানে রয়েছে। ২০১৭ সালের পর থেকে সেসব প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স প্রদান ও নবায়ন বন্ধ রেখেছি। তারপরও আপনারা বিভিন্ন জায়গা থেকে ট্রেড লাইসেন্স নিয়ে সেখানে ব্যবসা করছেন। আমরা ঈদের পরে চিরুনি অভিযান পরিচালনা করে সবগুলো বন্ধ করে দেব। আরেকটি বিষয় হলো, সেসব ভবনে উপরে কিন্তু অনেকেই আবাসন হিসেবে ব্যবহার করেন আবার নিচে গুদামঘর। এটি অত্যন্ত বিপদজনক। তাই প্রয়োজনে সেসব ভবন সিলগালা করে বিদ্যুৎ-পানি বন্ধ করে দেব। এতে পুরো ভবন বন্ধ হয়ে যাবে। তখন যে ভোগান্তি হবে সেজন্য আপনারা আমাদেরকে দোষারোপ করতে পারবেন না।’

ডিসিসিআই সভাপতি আশরাফ আহমেদের সঞ্চালনায় অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে ডিটিসিআই’র নির্বাহী পরিচালক নীলিমা আক্তার, ঢাকা মেট্রোপলিটন পুলিশের অতিরিক্ত পুলিশ কমিশনার (ট্রাফিক) মো. মুনিবুর রহমান, পরিবহন বিশেষজ্ঞ ড. এস এম সালেহ উদ্দিন, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেডের পরিচালক মো. আব্দুল বাকী মিয়াসহ পুরান ঢাকা কেন্দ্রিক ব্যবসায়িক সংগঠনের নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে বক্তারা জানান, বাংলাদেশের জিডিপিতে ঢাকার অবদান ৪৬ শতাংশ আর ঢাকা কেন্দ্রিক যে কর্মসংস্থান সৃষ্টি হয়েছে তারমধ্যে পুরোনো ঢাকার প্রত্যক্ষ ও পরোক্ষ অবদান প্রায় ৪০ শতাংশ। সুতরাং পুরনো ঢাকার যানজট কমাতে সংশ্লিষ্ট সকলকে দায়িত্বশীল আচরণ করতে হবে এবং বিদ্যমান সমস্যাসমূহের আশু সমাধান অত্যন্ত জরুরি।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. মিজানুর রহমান, ভারপ্রাপ্ত প্রধান প্রকৌশলী আশিকুর রহমান, প্রধান রাজস্ব কর্মকর্তা আরিফুল হক, এফবিসিসিআই, ডিসিসিআইসহ বিভিন্ন ব্যবসায়িক সংগঠনের ঊর্ধ্বতন নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

অর্থসূচক
দেশের প্রথম অনলাইন বিজনেস নিউজ পোর্টাল
www.arthosuchak.com

# ‘যানজটের কারণে পুরোনো ঢাকার অর্থনৈতিক ও বাণিজ্যিক গুরুত্ব প্রতিনিয়ত হ্রাস পাচ্ছে’




যানজটের কারণে পুরোনো ঢাকার অর্থনৈতিক ও বাণিজ্যিক গুরুত্ব প্রতিনিয়ত হ্রাস পাচ্ছে। বিদ্যমান অবস্থা উত্তরণে ট্রাফিক ব্যবস্থাপনার কার্যকর ব্যবহার, পার্কিং সুবিধানিশ্চিতকরণ, ফুটপাত অবৈধ দখলদার মুক্ত করা, ওয়ান-ওয়ের পাশাপাশি আধুনিক গণপরিবহন ব্যবস্থা চালুকরা, সুনিদিষ্ট সময়ের মধ্যে পণ্যপরিবহন নিশ্চিতকরণ এবং সর্বোপরি গৃহীত উদ্যোগ বাস্তবায়নে রাজনৈতিক স্বদিচ্ছা একান্ত অপরিহার্য বলে অভিমত ব্যক্ত করেছেন ডিসিসিআই সভাপতি আশরাফ আহমেদ।

মঙ্গলবার (০২ এপ্রিল) ডিসিসিআই অডিটোরিয়ামে অনুষ্ঠিত ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত “পুরোনো ঢাকার ব্যবসা-বাণিজ্যে যানজটের প্রভাব ও উত্তরণের উপায় চিহ্নিতকরণ” শীর্ষক মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন।

আশরাফ আহমেদ বলেন, দেশের জিডিপিতে পুরোনো ঢাকার অবদান প্রায় ২০% হলে, অপর্যাপ্ত অবকাঠমো, যানজট ও অপ্রতুল পরিসেবার জন্য এ এলাকার ব্যবসায়িক কার্যক্রম পরিচালনায় নানাবিধ চ্যালেঞ্জের মোকাবেলা করতে হচ্ছে।

তিনি আরও বলেন, রাজধানীর ঢাকার যানজটের কারণে দেশের সামগ্রিক জিডিপি প্রায় ২.৯% হ্রাস পায় এবং প্রতিদিন ট্রাফিক জ্যামের কারণে নষ্ট হয়ে যাওয়া কর্মঘন্টার আর্থিক মূল্য প্রায় ১৪০ কোটি টাকা। সড়কের খোড়াখুড়ি, অবৈধ ফুটপাত দখল, অপরিকল্পিত গাড়ি পার্কিং, অপ্রতুল সড়ক অবকাঠামো ও অকার্যকর ট্রাফিক ব্যবস্থাপনার কারণে বিশেষকরে পুরোনো ঢাকায় সৃষ্ট সহনীয় যানজট পরিস্থিতি ব্যবসা পরিচালন ব্যয় বৃদ্ধি পেয়েছে এবং এ হতে উত্তরণে স্মার্ট ট্রাফিক সিস্টেম চালুকরণ, নদীপথের ব্যবহার বাড়ানো এবং পুরোনো ঢাকার প্রধান সরু ও ব্যস্ত সড়কে একমুখী ট্রাফিক ব্যবস্থা চালুকরণের প্রস্তাব করেন ডিসিসিআই সভাপতি।

অনুষ্ঠানে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়াও ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) অতিরিক্ত পুলিশ কমিশনার (ট্রাফিক) মোঃ মুনিবুর রহমান এবং ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক মিসেস নীলিমা আখতার এ মতবিনিময় সভায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস বলেন, ঢাকার অপরিকল্পিত নগারয়নের জন্য আমরা নিজেরাই দায়ী, আমরাই এটা সৃষ্টি করেছি। নগরের অভিবাবক হিসেবে সিটি কর্পোরেশন নগরের পরিকল্পনা গ্রহণ করবে এবং সেমতে দক্ষিণ সিটি কর্পোরেশন ইতোমধ্যে নানাবিধ উদ্যোগ গ্রহণ করেছে বলে তিনি অভহিত করেন। তিনি জানান, কোন ধরনের কর বৃদ্ধি ছাড়াই, সুশাসন নিশ্চিতকরার মাধ্যমে ২০২৩ সালে দক্ষিণ সিটি কর্পোরেশন ১০৩১ কোটি টাকার রাজস্ব আদায় করেছিল, ২০২০ সালে যার পরিমাণ ছিল ৫১২ কোটি টাকা।

তিনি বলেন, নগরের জলাবদ্ধতার বিষয়টিকে অগ্রাধিকারের ভিত্তিতে বিবেচনায় নেওয়া হয়েছে এবং সম্প্রতি বেশকিছু খাল দখলমুক্ত করা হয়েছে, যার মাধ্যমে সামনের দিনগুলোতে এ সমস্যা কিছুটা হলেও লাঘব হবে। বুড়িগঙ্গা নদীর তীরে অবস্থিত কেরানীগঞ্জে নতুন বাণিজ্যিক নগরী গড়ে তোলা হবে, সেই সাথে চকবাজার ও মতিঝিল কে পুনরুজ্জীবিতকরণে উদ্যোগ গ্রহণ করা হবে।

তিনি বলেন, সায়াদাবাদ বাস টার্মিনালকে আধুনিক সুবিধায় রূপান্তরিত করা হয়েছে এবং এটার উদ্বোধনের পর আর কেউ টার্মিনালের বাইরে বাস কাউন্টার স্থাপন করতে পারবে না। দোকানের সামনের হকারদের বাণিজ্যিক কার্যক্রম পরিচালনা করতে না দেওয়ার জন্য ব্যবসায়ীদের প্রতি আহ্বান জানান দক্ষিণ সিটি কর্পোরেশনের মেয়র।

তিনি আরও বলেন, রাজধানীতে যানজট নিরসন ও ট্রাফিক আইন অমান্যকারীদের সনাক্তকরণে ৬৪টি ইন্টারসেকশনে কৃত্রিম বুদ্ধিমত্তা (আইওটি) প্রযুক্তি স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ঢাকার ফুটপাত ও রাস্তা হতে হকারদের উচ্ছেদের বিষয়টি এত সহজ নয় মন্তব্য করে তিনি বলেন, দক্ষিণ সিটি কর্পোরেশন ৮টি স্থানকে হলুদ ও সবুজ জোন হিসেবে চিহ্নিত করেছে, যেখানে হকাররা তাদের ব্যবসা-বাণিজ্য চালাতে পারবে, তবে সিটি কর্পোরেশনের চিহ্নিত লাল জোনে কেউ দোকান বসাতে পারবে না।

ডিসিসিআই উর্ধ্বতন সহ-সভাপতি মালিক তালহা ইসমাইল বারী এবং পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ সহ পুরোনো ঢাকার বিশেষায়িত সমিতির প্রতিনিধিবৃন্দ প্রমুখ এ সময় উপস্থিত ছিলেন।

Jagonews24.com
বস্তুনিষ্ঠ সংবাদের অনলাইন ঠিকানা

# কেরানীগঞ্জে বাণিজ্যিক নগরী গড়ে তোলা হবে: তাপস

বুড়িগঙ্গা নদীর তীরে অবস্থিত কেরানীগঞ্জে নতুন বাণিজ্যিক নগরী গড়ে তোলা হবে বলে জানিয়েছেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস।

তিনি বলেন, পুরান ঢাকার চকবাজার ও মতিঝিলকে পুনরুজ্জীবিত করতে উদ্যোগ গ্রহণ করা হবে। মঙ্গলবার (২ এপ্রিল) এক মতবিনিময় সভায় এ কথা বলেন তিনি।

মেয়র বলেন, ঢাকার অপরিকল্পিত নগরায়নের জন্য আমরা নিজেরাই দায়ী। আমরাই এটা সৃষ্টি করেছি। নগরের অভিভাবক হিসেবে সিটি করপোরেশন নগরের পরিকল্পনা গ্রহণ করবে। এরই মধ্যে নানা উদ্যোগ গ্রহণ করেছে দক্ষিণ সিটি করপোরেশন।

তিনি বলেন, কোনো ধরনের কর বৃদ্ধি ছাড়াই সুশাসন নিশ্চিত করার মাধ্যমে ২০২৩ সালে দক্ষিণ সিটি করপোরেশন ১০৩১ কোটি টাকার রাজস্ব আদায় করেছিল। ২০২০ সালে যার পরিমাণ ছিল ৫১২ কোটি টাকা।

নগরের জলাবদ্ধতার বিষয়টিকে অগ্রাধিকারের ভিত্তিতে বিবেচনায় নেওয়া হয়েছে এবং সম্প্রতি বেশকিছু খাল দখলমুক্ত করা হয়েছে বলে জানান শেখ ফজলে নূর তাপস।

মেয়র বলেন, বুড়িগঙ্গা নদীর তীরে অবস্থিত কেরানীগঞ্জে নতুন বাণিজ্যিক নগরী গড়ে তোলা হবে। সেই সঙ্গে সায়েদাবাদ বাস টার্মিনালকে আধুনিক সুবিধায় রূপান্তর করা হয়েছে। এর উদ্বোধনের পর আর কেউ টার্মিনালের বাইরে বাস কাউন্টার স্থাপন করতে পারবে না।

দোকানের সামনে হকারদের বাণিজ্যিক কার্যক্রম পরিচালনা করতে না দেওয়ার জন্য ব্যবসায়ীদের প্রতি আহ্বান জানান দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র।

তিনি বলেন, রাজধানীতে যানজট নিরসন ও ট্রাফিক আইন অমান্যকারীদের শনাক্তে ৬৪টি ইন্টারসেকশনে কৃত্রিম বুদ্ধিমত্তা (আইওটি) প্রযুক্তি স্থাপনের উদ্যোগ নেওয়া হয়েছে। ঢাকার ফুটপাত ও রাস্তা থেকে হকারদের উচ্ছেদ সহজ নয়। দক্ষিণ সিটি করপোরেশন আটটি স্থানকে হলুদ ও সবুজ জোন হিসেবে চিহ্নিত করেছে। যেখানে হকাররা তাদের ব্যবসা-বাণিজ্য চালাতে পারবেন। তবে সিটি করপোরেশনের চিহ্নিত লাল জোনে কেউ দোকান বসাতে পারবেন না।

ঢাকা চেম্বার সভাপতি আশরাফ আহমেদ বলেন, যানজটের কারণে পুরান ঢাকার অর্থনৈতিক ও বাণিজ্যিক গুরুত্ব প্রতিনিয়ত হ্রাস পাচ্ছে। দেশের জিডিপিতে পুরান ঢাকার অবদান প্রায় ২০ শতাংশ। অপর্যাপ্ত অবকাঠামো, যানজট ও অপ্রতুল পরিসেবার জন্য এ এলাকায় ব্যবসায়িক কার্যক্রম পরিচালনায় নানা চ্যালেঞ্জের মোকাবিলা করতে হচ্ছে। রাজধানীর ঢাকার যানজটের কারণে দেশের সামগ্রিক জিডিপি প্রায় ২.৯ শতাংশ হ্রাস পায়।

ডিএমপির অতিরিক্ত পুলিশ কমিশনার (ট্রাফিক) মো. মুনিবুর রহমান বলেন, ঢাকা শহরে ব্যবহার যোগ্য রাস্তার পরিমাণ মাত্র ৫ শতাংশ। ফলে আমাদের রাস্তার ওপর মানুষ ও পরিবহনের চাপ অত্যধিক।

তিনি বলেন, ঢাকার চকবাজার, মৌলভীবাজার, ছোট কাটরা ও বড়কাটরা, পাটুয়াটুলিসহ অন্যান্য এলাকায় যানজট নিরসনে ট্রাফিক পুলিশ নিয়োগে উদ্যোগ গ্রহণ করা হবে। এছাড়া উক্ত এলাকায় পাইকারি বাজারে পার্কিং সুবিধা না থাকার যানজট লেগে থাকে।

তিনি বলেন, গুলিস্তানের আন্তঃজেলা বাস টার্মিনাল সরিয়ে নেওয়া গেলে যানজট আরও কমবে। সেই সঙ্গে হকারদের জন্য সুনির্দিষ্ট সময় দেওয়ার উদ্যোগ গ্রহণ করা হলে যানজট হ্রাস পাবে।

তিনি পুরান ঢাকার বিভিন্ন স্থানে স্কাইওয়াক স্থাপন ও স্মার্ট পার্কিং চালুর প্রস্তাব দেন। তিনি জানান, ঢাকার ট্রাফিক ব্যবস্থাপনার সঙ্গে ১৮টি স্টেকহোল্ডার রয়েছে। সবার মধ্যকার সমন্বয় বাড়ানো গেলে যানজট কমানো সম্ভব।

ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের সিইও মো. মিজানুর রহমান বলেন, যানজট নিরসনে ঢাকা দক্ষিণ সিটি স্বল্প ও দীর্ঘমেয়াদী পরিকল্পনা গ্রহণ করেছে। ঢাকা থেকে আন্তঃজেলা বাস টার্মিালগুলো সরিয়ে নেওয়ার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। পোস্তগোলা থেকে গাবতলী পর্যন্ত একটি ইনার সার্কুলার রোড নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে, যা বাস্তবায়িত হলে এ সমস্যা আরও নিরসন হবে।

বাংলা ট্রিবিউন

# যানজটের কারণে পুরান ঢাকার বাণিজ্যিক গুরুত্ব কমছে: ঢাকা চেম্বার

যানজটের কারণে পুরান ঢাকার অর্থনৈতিক ও বাণিজ্যিক গুরুত্ব প্রতিনিয়ত হ্রাস পাচ্ছে বলে অভিমত ব্যক্ত করেছেন ডিসিসিআই সভাপতি আশরাফ আহমেদ। বিদ্যমান অবস্থা থেকে উত্তরণে ট্রাফিক ব্যবস্থাপনার কার্যকর ব্যবহার, পার্কিং সুবিধা নিশ্চিত করা, ফুটপাত থেকে অবৈধ দখলদার মুক্ত করা, ওয়ান-ওয়ের পাশাপাশি আধুনিক গণপরিবহন ব্যবস্থা চালু করা, সুনির্দিষ্ট সময়ের মধ্যে পণ্যপরিবহন নিশ্চিত করা এবং সর্বোপরি গৃহীত উদ্যোগ বাস্তবায়নে রাজনৈতিক স্বদিচ্ছা একান্ত অপরিহার্য বলে মত প্রকাশ করেন তিনি।

মঙ্গলবার (২ এপ্রিল ) ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত ‘পুরান ঢাকার ব্যবসা-বাণিজ্যে যানজটের প্রভাব ও উত্তরণের উপায় চিহ্নিতকরণ’ শীর্ষক মতবিনিময় সভায় তিনি একথা বলেন। ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়া ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি)-এর অতিরিক্ত পুলিশ কমিশনার (ট্রাফিক) মো. মুনিবুর রহমান এবং ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক নীলিমা আখতার মতবিনিময় সভায় সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

স্বাগত বক্তব্যে ঢাকা চেম্বার সভাপতি আশরাফ আহমেদ বলেন, ‘দেশের জিডিপিতে পুরান ঢাকার অবদান প্রায় ২০ শতাংশ হলেও অপর্যাপ্ত অবকাঠমো, যানজট ও অপ্রতুল পরিষেবার কারণে এ এলাকার ব্যবসায়িক কার্যক্রম পরিচালনায় নানাবিধ চ্যালেঞ্জের মোকাবিলা করতে হচ্ছে।’

তিনি বলেন, রাজধানীর ঢাকার যানজটের কারণে দেশের সামগ্রিক জিডিপি প্রায় ২.৯ শতাংশ হ্রাস পায় এবং প্রতিদিন ট্রাফিক জ্যামের কারণে নষ্ট হয়ে যাওয়া কর্মঘণ্টার আর্থিক মূল্য প্রায় ১৪০ কোটি টাকা। সড়কের খোড়াখুড়ি, অবৈধ ফুটপাত দখল, অপরিকল্পিত গাড়ি পার্কিং, অপ্রতুল সড়ক অবকাঠামো ও অকার্যকর ট্রাফিক ব্যবস্থাপনার কারণে বিশেষ করে পুরান ঢাকায় সৃষ্ট অসহনীয় যানজট পরিস্থিতিতে ব্যবসা পরিচালো ব্যয় বৃদ্ধি পেয়েছে। এ থেকে উত্তরণে স্মার্ট ট্রাফিক সিস্টেম চালু, নদীপথের ব্যবহার বাড়ানো এবং পুরান ঢাকার প্রধান সরু ও ব্যস্ত সড়কে একমুখী ট্রাফিক ব্যবস্থা চালুক করার প্রস্তাব করেন ডিসিসিআই সভাপতি।

ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস বলেন, ‘ঢাকার অপরিকল্পিত নগরায়নের জন্য আমরা নিজেরাই দায়ী, আমরাই এটা সৃষ্টি করেছি।’ নগরের অভিভাবক হিসেবে সিটি করপোরেশন নগরের পরিকল্পনা গ্রহণ করবে এবং সে অনুযায়ী, দক্ষিণ সিটি করপোরেশন ইতোমধ্যে নানাবিধ উদ্যোগ গ্রহণ করেছে বলে তিনি অভহিত করেন। তিনি জানান, কোনও ধরনের কর বৃদ্ধি ছাড়াই সুশাসন নিশ্চিত করার মাধ্যমে ২০২৩ সালে দক্ষিণ সিটি করপোরেশন ১০৩১ কোটি টাকার রাজস্ব আদায় করেছিল, ২০২০ সালে যার পরিমাণ ছিল ৫১২ কোটি টাকা। তিনি বলেন, ‘নগরের জলাবদ্ধতার বিষয়টিকে অগ্রাধিকারের ভিত্তিতে বিবেচনায় নেওয়া হয়েছে এবং সম্প্রতি বেশকিছু খাল দখলমুক্ত করা হয়েছে, যার মাধ্যমে সামনের দিনগুলোতে এ সমস্যা কিছুটা হলেও লাঘব হবে।’ মেয়র জানান, বুড়িগঙ্গা নদীর তীরে অবস্থিত কেরানীগঞ্জে নতুন বাণিজ্যিক নগরী গড়ে তোলা হবে। সেইসঙ্গে চকবাজার ও মতিঝিলকে পুনরুজ্জীবিতকরণের উদ্যোগ গ্রহণ করা হবে।’

ঢাকা মেট্রোপালটন পুলশের (ডএমাপ) আতারক্ত পুলশ কামশনার (ট্রাফক) মুনবুর রহমান বলেন, ঢাকা শহরে ব্যবহারযোগ্য রাস্তার পরিমাণ মাত্র ৫ শতাংশ। ফলে আমাদের রাস্তার ওপর গণমানুষ ও পরিবহনের চাপ অত্যাধিক। তিনি বলেন, চকবাজার, মৌলভীবাজার, ছোট কাটরা ও বড়কাটরা, পাটুয়াটুলীসহ অন্যান্য এলাকায় যানজট নিরসনে ট্রাফিক পুলিশ নিয়োগে দ্রুত উদ্যোগ গ্রহণ করা হবে। এছাড়া এই এলাকায় পাইকারী বাজারগুলোতে পার্কিং সুবিধা না থাকার যানজট লেগে থাকে। গুলিস্তানে আন্তঃজেলা বাস টার্মিনাল সরিয়ে নেওয়া গেলে যানজট আরও কমবে। তিনি পুরান ঢাকার বিভিন্ন স্থানে স্কাইওয়াক স্থাপন ও স্মার্ট পার্কিং চালু করার প্রস্তাব করেন। তিনি জানান, ঢাকার ট্রাফিক ব্যবস্থাপনার সাথে ১৮টি স্টেকহোল্ডার রয়েছে। সবার মধ্যে সমন্বয় বাড়ানো গেলে যানজট কমনো সম্ভব হবে।

ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক নীলিমা আখতার বলেন, পুরান ঢাকার যানজট নিরসনে সরকারের সংশ্লিষ্ট সংস্থার অংশগ্রহণে কর্মপরিকল্পনা প্রণয়ন ও অগ্রাধিকারের ভিত্তিতে বাস্তবায়ন করতে হবে। এছাড়াও ওই এলাকায় গাড়ি পার্কিং, ট্রাফিক ব্যবস্থাপনা, গণপরিবহন ও পণ্যপরিবহন ব্যবস্থার বিদ্যমান অবস্থা উত্তরণে বিশেষায়িত ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন বলে তিনি অভিমত ব্যক্ত করেন।

BANGLA NEWS 24 .com
সংবাদ বিনোদন সারাক্ষণ

# যানজটে পুরান ঢাকার বাণিজ্যিক-অর্থনৈতিক গুরুত্ব কমছে




**ঢাকা:** যানজটের কারণে পুরান ঢাকার বাণিজ্যিক ও অর্থনৈতিক গুরুত্ব প্রতিনিয়ত হ্রাস পাচ্ছে বলে অভিমত ব্যক্ত করেছেন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) প্রেসিডেন্ট আশরাফ আহমেদ। তিনি বলেন, যানজটের কারণে এ এলাকার ক্রেতার সংখ্যা কমে গেছে।

এ কারণে ব্যবসায়ীরা ব্যবসা-বাণিজ্য অন্যত্র সরিয়ে নিচ্ছেন। এর ফলে পুরান ঢাকার অর্থনীতি ছোট হয়ে আসছে।

মঙ্গলবার (২ এপ্রিল) রাজধানীর মতিঝিলে ডিসিসিআই কার্যালয়ে এক মতবিনিময় সভায় সভাপতির বক্তব্যে তিনি এ কথা বলেন। ডিসিসিআই 'পুরোনো ঢাকার ব্যবসা-বাণিজ্যে যানজটের প্রভাব ও উত্তরণের উপায় চিহ্নিতকরণ' শীর্ষক এ সভার আয়োজন করে।

আশরাফ আহমেদ বলেন, দেশের জিডিপিতে পুরান ঢাকার অবদান প্রায় ২০ শতাংশ হলেও অপর্যাপ্ত অবকাঠামো, যানজট ও অপ্রতুল পরিসেবার জন্য এ এলাকার ব্যবসায়িক কার্যক্রম পরিচালনায় নানাবিধ চ্যালেঞ্জের মোকাবিলা করতে হচ্ছে।

তিনি বলেন, রাজধানীর যানজটের কারণে দেশের সামগ্রিক জিডিপি প্রায় ২ দশমিক ৯ শতাংশ হ্রাস পায় এবং প্রতিদিন ট্রাফিক জ্যামের কারণে নষ্ট হয়ে যাওয়া কর্মঘণ্টার আর্থিক মূল্য প্রায় ১৪০ কোটি টাকা। সড়কের খোঁড়াখুড়ি, অবৈধ ফুটপাত দখল, অপরিকল্পিত গাড়ি পার্কিং, অপ্রতুল সড়ক অবকাঠামো ও অকার্যকর ট্রাফিক ব্যবস্থাপনার কারণে বিশেষ করে পুরান ঢাকায় সৃষ্ট অসহনীয় যানজট পরিস্থিতি ব্যবসা পরিচালন ব্যয় বাড়িয়ে দিয়েছে। এ পরিস্থিতি থেকে উত্তরণে স্মার্ট ট্রাফিক সিস্টেম চালুকরণ, নদীপথের ব্যবহার বাড়ানো এবং পুরান ঢাকার প্রধান সরু ও ব্যস্ত সড়কে একমুখী ট্রাফিক ব্যবস্থা চালু করা প্রয়োজন।

মুক্ত আলোচনায় পুরান ঢাকার ব্যবসায়ী নেতারা যানজটের কারণে উদ্ভূত সমস্যা তুলে ধরেন। তারা বলেন, পুরান ঢাকা এখনো দেশের প্রধান পাইকারি বাজার হলেও যানজটের কারণে এর গুরুত্ব হারাচ্ছে।

ব্যবসায়ী আব্দুস সালাম বলেন, পুরান ঢাকার ব্যবসায়ীরা যানজট আর হকারদের উৎপাতে অতিষ্ঠ। পুরান ঢাকায় একবার ঢুকলে পুরো দিন চলে যায়। আমরা ট্যাক্স দিচ্ছি, কিন্তু আমাদের কষ্টের কথা কেউ শোনে না।

আবুল কাসেম বলেন, পুরান ঢাকার চার শ বছরের কাঠামো পরিবর্তন করা সম্ভব নয়। কিন্তু সংস্কার ও ট্রাফিক ব্যবস্থাপনার মাধ্যমে মানুষের চলাচলের উপযোগী করা যেতে পারে। প্রকল্প গ্রহণ না করে ট্রাফিক ব্যবস্থাপনায় মনোযোগ দিন। আমাদের ব্যবসা-বাণিজ্য চলে যাচ্ছে। ছেলে-মেয়ে সময় মতো স্কুলে পৌঁছাতে পারছে না। জীবন কঠিন হয়ে পড়েছে।

আলিমুজ্জামান আলম বলেন, পুরান ঢাকায় মেট্রোরেলের পরিকল্পনা হচ্ছে। আমরা পুরান ঢাকার মানুষ যানজটে লক হয়ে গেছি। পুরণ ঢাকায় মেট্রোরেলে এমন নেটওয়ার্ক করুন, যাতে মানুষ পুরান ঢাকায় এসে আবার ফিরে যেতে পারে। যানজটের কবল থেকে পুরান ঢাকাকে বাঁচান।

তিনি বলেন, ফুলবাড়িয়ায় ইলেকট্রিক মার্কেট এখন মুরগি মার্কেটে পরিণত হয়েছে। প্রভাবশীল মহল বাজার থেকে ৫০০ কোটি টাকা তোলে। এই জ্যাম এখন গুলিস্তানের সঙ্গে সংযোগের পথে প্রধান বাধায় পরিণত হয়েছে। যারা এই কাজে যুক্ত তাদের সঙ্গে পারা যায় না। মুরগি বাজারকেন্দ্রিক এই সিন্ডিকেট ভাঙতে হবে।

মো. হোসেন আলমগীর বলেন, কোর্ট-কাচারি এলাকায় আইনি প্রতিকার নিতে আসা মানুষ সকাল ৮টা থেকে বিকেল ৫টা পর্যন্ত সময়ে কোনো গাড়িতে চড়তে পারে না। নিজস্ব পার্কিং ব্যবস্থাপনা না থাকার কারণে পুলিশের গাড়িগুলো রাস্তায় রাখে। কোর্ট এলাকায় এটাও যানজটের বড় কারণ।

তিনি বলেন, পুরান ঢাকায় যে দোকানের দাম ছিল এক কোটি টাকা, এখন সেটার ৫০ লাখ টাকাতেও ক্রেতা পাওয়া যায় না। যানজটের শহরে মানুষ আর আসতে চায় না। কাভার্ড ভ্যান যে কোনো সময় শহরে ঢুকতে পারবে, এমন একটি আইনের কারণে পুরান ঢাকা যেন কাভার্ড ভ্যানের শহরে পরিণত হয়েছে।

জালাল উদ্দিন বলেন, সদিচ্ছা থাকলে অর্ধেক যানজট দূর হয়। মেয়র ইচ্ছা করলে কাল সকাল থেকেই অর্ধেক যানজট দূর হয়ে যাবে; ব্যবসা-বাণিজ্যের সমস্যার সমাধান হয়ে যাবে।

তিনি বলেন, হকারের কারণে নবাবপুর রোডে ঢোকা যায় না। পুলিশ ও মেয়র মিলে হকার তুলে দিলে এ সমস্যার সমাধান হবে। তাহলে আমরা মতিঝিল থেকে হেঁটে পুরান ঢাকায় পৌঁছাতে পারবো। আমরা লাইসেন্স নিয়ে দোকানে ব্যবসা করি। কর দেই। আর হকাররা আমাদের দোকানের সামনে কোনো লাইসেন্স ছাড়াই ব্যবসা করে, কোনো কর দেয় না। ফুটপাত থেকে হকারকে উচ্ছেদ করুন, তা না হলে আমরা কর দেওয়া বন্ধ করে দেবো।

DHAKA POST

# পুরান ঢাকার যানজট কমাতে উদ্যোগ নিতে বললেন ব্যবসায়ীরা




**পুরান ঢাকার অসহনীয় যানজট কমাতে মেয়রসহ সংশ্লিষ্ট সবার প্রতি আহ্বান জানিয়ে ব্যবসায়ীরা বলেছেন, এই যানজট দূর করতে দ্রুত উদ্যোগ গ্রহণ করুন।**

মঙ্গলবার (২ এপ্রিল) ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির উদ্যোগে মতিঝিল ডিসিসিআই অডিটোরিয়ামে আয়োজিত 'পুরোনো ঢাকার ব্যবসা-বাণিজ্যে যানজটের প্রভাব ও উত্তরণের উপায় চিহ্নিতকরণ' শীর্ষক এক স্টেকহোল্ডার মতবিনিময় সভায় পুরান ঢাকার ব্যবসায়ীরা এ দাবি জানান। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের (ডিএসসিসি) মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস।

পুরান ঢাকার ব্যবসায়ীরা বলেন, বাংলাদেশের জিডিপিতে ঢাকার অবদান ৪৬ শতাংশ আর ঢাকাকেন্দ্রিক যে কর্মসংস্থান সৃষ্টি হয়েছে তারমধ্যে পুরানো ঢাকার প্রত্যক্ষ ও পরোক্ষ অবদান প্রায় ৪০ শতাংশ। সুতরাং পুরান ঢাকার যানজট কমাতে সংশ্লিষ্ট সবাইকে দায়িত্বশীল আচরণ করতে হবে এবং বিদ্যমান সমস্যাগুলোর দ্রুত সমাধান অত্যন্ত জরুরি।

এদিকে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস বলেন, আমাদের তালিকাভুক্ত ১৯২৪টি রাসায়নিক দ্রব্যাদির গুদাম ও ব্যবসায়িক প্রতিষ্ঠান সেখানে রয়েছে। আমরা ২০১৭ সালের পর থেকে সেসব প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স দেওয়া ও নবায়ন বন্ধ রেখেছি। তারপরও আপনারা বিভিন্ন জায়গা থেকে ট্রেড লাইসেন্স নিয়ে সেখানে ব্যবসা করছেন। আমরা ঈদের পরে চিরুনি অভিযান পরিচালনা করে সবগুলো বন্ধ করে দেব।

তিনি আরও বলেন,আরেকটি বিষয় হলো-সেসব ভবনে ওপরে কিন্তু অনেকেই আবাসন হিসেবে ব্যবহার করেন আবার নিচে গুদামঘর। এটি অত্যন্ত বিপজ্জনক। তাই প্রয়োজনে সেসব ভবন সিলগালা করে বিদ্যুৎ-পানি বন্ধ করে দেব। এতে পুরো ভবন বন্ধ হয়ে যাবে। তখন যে ভোগান্তি হবে সেজন্য আপনারা আমাদেরকে দোষারোপ করতে পারবেন না।

ডিসিসিআইএর সভাপতি আশরাফ আহমেদের সঞ্চালনায় অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ডিটিসিএর নির্বাহী পরিচালক নীলিমা আক্তার, ঢাকা মেট্রোপলিটন পুলিশের অতিরিক্ত পুলিশ কমিশনার (ট্রাফিক) মো. মুনিবুর রহমান, পরিবহন বিশেষজ্ঞ ড. এস এম সালেহ উদ্দিন, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেডের পরিচালক মো. আব্দুল বাকী মিয়া, ডিএসসিসির প্রধান নির্বাহী কর্মকর্তা মো. মিজানুর রহমান, ভারপ্রাপ্ত প্রধান প্রকৌশলী আশিকুর রহমান, প্রধান রাজস্ব কর্মকর্তা আরিফুল হক প্রমুখ।

BUSINESS INSIDER
BANGLADESH

# রাজধানীতে যানজট: প্রতিদিন ১৪০ কোটি টাকা ক্ষতি




রাজধানী ঢাকার যানজটের কারণে দেশের সামগ্রিক জিডিপি প্রায় ২.৯ শতাংশ হ্রাস পায় এবং প্রতিদিন ট্রাফিক জ্যামের কারণে নষ্ট হয়ে যাওয়া কর্মঘণ্টায় আর্থিক মূল্য প্রায় ১৪০ কোটি টাকা।

মঙ্গলবার (২ এপ্রিল) ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'পুরোনো ঢাকার ব্যবসা-বাণিজ্যে যানজটের প্রভাব ও উত্তরণের উপায় চিহ্নিতকরণ' শীর্ষক মতবিনিময় সভায় সংগঠনটির সভাপতি আশরাফ আহমেদ এসব কথা বলেন। অনুষ্ঠানে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

এছাড়াও ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) অতিরিক্ত পুলিশ কমিশনার (ট্রাফিক) মো. মুনিবুর রহমান এবং ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষের নির্বাহী নীলিমা আখতার মতবিনিময় সভায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

ঢাকা চেম্বার সভাপতি আশরাফ আহমেদ বলেন, দেশের জিডিপিতে পুরোনো ঢাকার অবদান প্রায় ২০ শতাংশ হলে, অপর্যাপ্ত অবকাঠামো, যানজট ও অপ্রতুল পরিষেবার জন্য এ এলাকার ব্যবসায়িক কার্যক্রম পরিচালনায় নানাবিধ চ্যালেঞ্জের মোকাবিলা করতে হচ্ছে।

সড়কের খোড়াখুড়ি, অবৈধ ফুটপাত দখল, অপরিকল্পিত গাড়ি পার্কিং, অপ্রতুল সড়ক অবকাঠামো ও অকার্যকর ট্রাফিক ব্যবস্থাপনার কারণে বিশেষ করে পুরোনো ঢাকায় সৃষ্ট যানজট পরিস্থিতি ব্যবসা পরিচালন ব্যয় বৃদ্ধি পেয়েছে এবং এ সমস্যা থেকে উত্তরণে স্মার্ট ট্রাফিক সিস্টেম চালুকরণ, নদীপথের ব্যবহার বাড়ানো এবং পুরোনো ঢাকার প্রধান সরু ও ব্যস্ত সড়কে একমুখী ট্রাফিক ব্যবস্থা চালুকরণের প্রস্তাব করেন ডিসিসিআই সভাপতি।

মেয়র শেখ ফজলে নূর তাপস বলেন, দক্ষিণ সিটি কর্পোরেশন ইতোমধ্যে নানাবিধ উদ্যোগ গ্রহণ করেছে। কর বৃদ্ধি ছাড়াই সুশাসন নিশ্চিত করার মাধ্যমে ২০২৩ সালে দক্ষিণ সিটি কর্পোরেশন ১০৩১ কোটি টাকার রাজস্ব আদায় করেছিল, ২০২০ সালে যার পরিমাণ ছিল ৫১২ কোটি টাকা।

তিনি বলেন, নগরের জলাবদ্ধতার বিষয়টিকে অগ্রাধিকারের ভিত্তিতে বিবেচনায় নেওয়া হয়েছে এবং সম্প্রতি বেশকিছু খাল দখলমুক্ত করা হয়েছে। যার মাধ্যমে সামনের দিনগুলোতে এ সমস্যা কিছুটা হলেও লাঘব হবে।

মেয়র জানান, বুড়িগঙ্গা নদীর তীরে অবস্থিত কেরানীগঞ্জে নতুন বাণিজ্যিক নগরী গড়ে তোলা হবে। সেই সঙ্গে চকবাজার ও মতিঝিলকে পুনরুজ্জীবিতকরণে উদ্যোগ গ্রহণ করা হবে।

তিনি আরো বলেন, রাজধানীতে যানজট নিরসন ও ট্রাফিক আইন অমান্যকারীদের শনাক্তকরণে ৬৪টি ইন্টারসেকশনে কৃত্রিম বুদ্ধিমত্তা (আইওটি) প্রযুক্তি স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। দক্ষিণ সিটি কর্পোরেশন ৮টি স্থানকে হলুদ ও সবুজ জোন হিসেবে চিহ্নিত করেছে, যেখানে হকাররা তাদের ব্যবসা-বাণিজ্য চালাতে পারবে। তবে সিটি কর্পোরেশনের চিহ্নিত লাল জোনে কেউ দোকান বসাতে পারবে না।

risingbd.com

# যানজটের কারণে পুরান ঢাকার বাণিজ্যিক গুরুত্ব কমছে: ঢাকা চেম্বার




যানজটের কারণে পুরান ঢাকার অর্থনৈতিক ও বাণিজ্যিক গুরুত্ব প্রতিনিয়ত হ্রাস পাচ্ছে বলে অভিমত ব্যক্ত করেছেন ডিসিসিআই সভাপতি আশরাফ আহমেদ। বিদ্যমান অবস্থা থেকে উত্তরণে ট্রাফিক ব্যবস্থাপনার কার্যকর ব্যবহার, পার্কিং সুবিধা নিশ্চিত করা, ফুটপাত থেকে অবৈধ দখলদার মুক্ত করা, ওয়ান-ওয়ের পাশাপাশি আধুনিক গণপরিবহন ব্যবস্থা চালু করা, সুনির্দিষ্ট সময়ের মধ্যে পণ্যপরিবহন নিশ্চিত করা এবং সর্বোপরি গৃহীত উদ্যোগ বাস্তবায়নে রাজনৈতিক স্বদিচ্ছা একান্ত অপরিহার্য বলে মত প্রকাশ করেন তিনি।

মঙ্গলবার (২ এপ্রিল ) ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'পুরান ঢাকার ব্যবসা-বাণিজ্যে যানজটের প্রভাব ও উত্তরণের উপায় চিহ্নিতকরণ' শীর্ষক মতবিনিময় সভায় তিনি একথা বলেন। ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়া ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি)-এর অতিরিক্ত পুলিশ কমিশনার (ট্রাফিক) মো. মুনিবুর রহমান এবং ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক নীলিমা আখতার মতবিনিময় সভায় সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

স্বাগত বক্তব্যে ঢাকা চেম্বার সভাপতি আশরাফ আহমেদ বলেন, 'দেশের জিডিপিতে পুরান ঢাকার অবদান প্রায় ২০ শতাংশ হলেও অপর্যাপ্ত অবকাঠামো, যানজট ও অপ্রতুল পরিষেবার কারণে এ এলাকার ব্যবসায়িক কার্যক্রম পরিচালনায় নানাবিধ চ্যালেঞ্জের মোকাবিলা করতে হচ্ছে।'

তিনি বলেন, রাজধানীর ঢাকার যানজটের কারণে দেশের সামগ্রিক জিডিপি প্রায় ২.৯ শতাংশ হ্রাস পায় এবং প্রতিদিন ট্রাফিক জ্যামের কারণে নষ্ট হয়ে যাওয়া কর্মঘণ্টার আর্থিক মূল্য প্রায় ১৪০ কোটি টাকা। সড়কের খোড়াখুড়ি, অবৈধ ফুটপাত দখল, অপরিকল্পিত গাড়ি পার্কিং, অপ্রতুল সড়ক অবকাঠামো ও অকার্যকর ট্রাফিক ব্যবস্থাপনার কারণে বিশেষ করে পুরান ঢাকায় সৃষ্ট অসহনীয় যানজট পরিস্থিতিতে ব্যবসা পরিচালো ব্যয় বৃদ্ধি পেয়েছে। এ থেকে উত্তরণে স্মার্ট ট্রাফিক সিস্টেম চালু, নদীপথের ব্যবহার বাড়ানো এবং পুরান ঢাকার প্রধান সরু ও ব্যস্ত সড়কে একমুখী ট্রাফিক ব্যবস্থা চালুক করার প্রস্তাব করেন ডিসিসিআই সভাপতি।

ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস বলেন, 'ঢাকার অপরিকল্পিত নগরায়নের জন্য আমরা নিজেরাই দায়ী, আমরাই এটা সৃষ্টি করেছি।' নগরের অভিভাবক হিসেবে সিটি করপোরেশন নগরের পরিকল্পনা গ্রহণ করবে এবং সে অনুযায়ী, দক্ষিণ সিটি করপোরেশন ইতোমধ্যে নানাবিধ উদ্যোগ গ্রহণ করেছে বলে তিনি অভহিত করেন। তিনি জানান, কোনও ধরনের কর বৃদ্ধি ছাড়াই সুশাসন নিশ্চিত করার মাধ্যমে ২০২৩ সালে দক্ষিণ সিটি করপোরেশন ১০৩১ কোটি টাকার রাজস্ব আদায় করেছিল, ২০২০ সালে যার পরিমাণ ছিল ৫১২ কোটি টাকা। তিনি বলেন, 'নগরের জলাবদ্ধতার বিষয়টিকে অগ্রাধিকারের ভিত্তিতে বিবেচনায় নেওয়া হয়েছে এবং সম্প্রতি বেশকিছু খাল দখলমুক্ত করা হয়েছে, যার মাধ্যমে সামনের দিনগুলোতে এ সমস্যা কিছুটা হলেও লাঘব হবে।' মেয়র জানান, বুড়িগঙ্গা নদীর তীরে অবস্থিত কেরানীগঞ্জে নতুন বাণিজ্যিক নগরী গড়ে তোলা হবে। সেইসঙ্গে চকবাজার ও মতিঝিলকে পুনরুজ্জীবিতকরণের উদ্যোগ গ্রহণ করা হবে।'

ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) অতিরিক্ত পুলিশ কমিশনার (ট্রাফিক) মুনিবুর রহমান বলেন, ঢাকা শহরে ব্যবহারযোগ্য রাস্তার পরিমাণ মাত্র ৫ শতাংশ। ফলে আমাদের রাস্তার ওপর গণমানুষ ও পরিবহনের চাপ অত্যাধিক। তিনি বলেন, চকবাজার, মৌলভীবাজার, ছোট কাটরা ও বড়কাটরা, পাটুয়াটুলীসহ অন্যান্য এলাকায় যানজট নিরসনে ট্রাফিক পুলিশ নিয়োগে দ্রুত উদ্যোগ গ্রহণ করা হবে। এছাড়া এই এলাকায় পাইকারী বাজারগুলোতে পার্কিং সুবিধা না থাকার যানজট লেগে থাকে। গুলিস্তানে আন্তঃজেলা বাস টার্মিনাল সরিয়ে নেওয়া গেলে যানজট আরও কমবে। তিনি পুরান ঢাকার বিভিন্ন স্থানে স্কাইওয়াক স্থাপন ও স্মার্ট পার্কিং চালু করার প্রস্তাব করেন। তিনি জানান, ঢাকার ট্রাফিক ব্যবস্থাপনার সাথে ১৮টি স্টেকহোল্ডার রয়েছে। সবার মধ্যে সমন্বয় বাড়ানো গেলে যানজট কমনো সম্ভব হবে।

ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক নীলিমা আখতার বলেন, পুরান ঢাকার যানজট নিরসনে সরকারের সংশ্লিষ্ট সংস্থার অংশগ্রহণে কর্মপরিকল্পনা প্রণয়ন ও অগ্রাধিকারের ভিত্তিতে বাস্তবায়ন করতে হবে। এছাড়াও ওই এলাকায় গাড়ি পার্কিং, ট্রাফিক ব্যবস্থাপনা, গণপরিবহন ও পণ্যপরিবহন ব্যবস্থার বিদ্যমান অবস্থা উত্তরণে বিশেষায়িত ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন বলে তিনি অভিমত ব্যক্ত করেন।